মধ্যশিক্ষা গণিত

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা-পর্ষৎ কর্তৃক পশ্চিমবঙ্গের উচ্চ ও মধ্য-ইংরাজী বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর জন্য অনুমোদিত। (বিজ্ঞপ্তি Syl.-৬৮।৫৪ – তারিখ ৬।১২।৫৪ ও ২০।১২।৫৪ তারিখের কলিকাতা গেজেট দ্রষ্টব্য)

মধ্যশিক্ষা গণিত

[ষষ্ঠ শ্রেণীর জন্য]

শ্রীসূর্যকুমার চক্রবর্তী এম্. এ. বি. টি., বি-এল.

২৪ পরগণার বিদ্যালয়সমূহের অতিরিক্ত জিলা পরিদর্শক ; হাওড়া ও মালদহ জিলার বিদ্যালয়সমূহের ভূতপূর্ব জিলা পরিদর্শক ; কাটোয়া ও কালনা মহকুমার বিদ্যালয়সমূহের ভূতপূর্ব সহকারী পরিদর্শক

প্রকাশ ভবন লিমিটেড

৮৯, হ্যারিসন রোড

কলিকাতা-৭

প্রথম সংস্করণ—কার্তিক, ১৩৬১

সংশোধিত দ্বিতীয় সংস্করণ—পৌষ, ১৩৬১

তৃতীয় সংস্করণ—মাঘ, ১৩৬১

প্রকাশ ভবন লিমিটেডের পক্ষে

প্রকাশক—দুর্গাপদ ঘোষ

৮৯, হ্যারিসন রোড;

কলিকাতা-৭

মুদ্রণীর পক্ষে

দ্রাকর—কার্তিকচন্দ্র প ণ্ডা

৭১, কৈলাস বোস ষ্ট্রীট

কলিকাতা-৬

দেড় টাকা

সূচীপত্র

এককাবলী

(আর্যা)

(ক) মুদ্রা বিভাগ

১। ভারতবর্ষীয় মুদ্রা তালিকা

৩ পাইএ	১ পয়সা = (৻৫)
৪ পয়সায় বা ১২ পাইএ	১ আনা = (৴০)
১৬ আনায়	১ টাকা = (১৲)

১ পয়সা = ৻৫	২ পয়সা = ৻১০
৩ পয়সা = ৻১৫	একআনা = ৴০
দুই আনা = ৵০	তিন আনা = ৶০
১ সিকি = ।০	২ সিকি বা এক আধুলি = ॥০

৩ সিকি = ৷৵০

২। বঙ্গদেশীয় মুদ্রা তালিকা

৪ কড়ায়	১ গণ্ডা = (৻১)
৫ গণ্ডায়	১ পয়সা = (৻৫)
৪ পয়সায় বা ২০ গণ্ডায়	১ আনা = (৴০)
৪ আনায়	১ সিকি = (।০)

২ আধুলিতে বা ৪ সিকিতে বা ৮ দুয়ানিতে বা ১৬ আনায় বা ৬৪ পয়সায় ১ টাকা = (১৲)

১ কড়া = ৩ ক্রান্তি = ৪ কাক = ৮০ তিল।

১ কড় = ৻ এক ক্রান্তি = ৻— এক কাক = ৻৴০ এক তিল = ৻৻১

টাকার পরে আনা থাকিলে টাকার চিহ্ন লাগে না সেইরূপ আনার পর গণ্ডা থাকিলে আনার শূন্য ও গণ্ডার চিহ্ন (৻) লাগে না এবং গণ্ডার পর কড়া থাকিলে কড়ার চিহ্ন, কড়ার পর কাক থাকিলে কড়ার চিহ্ন ও কাকের পর তিল থাকিলে তিলের চিহ্ন (৻৻) লাগে না।

৩। ইংরেজী মুদ্রা তালিকা

৪ ফার্দিংএ	১ পেনি (পে.)
১২ পেনিতে	১ শিলিং (শি.)
২০ শিলিংএ	১ পাউণ্ড (পা.) বা সভরেন।

২ শিলিং = ১ ফ্লোরিন ৫ শিলিং = ১ ক্রাউন

২১ শিলিং = ১ গিনি ২৭ শিলিং = ১ মইডোর

১ টাকা = ১ শিলিং ৬ পেন্স।

(খ) ওজন পরিমাণ

১। ভারতীয় বাজার ওজন

৪ সিকিতে (এক টাকার ওজনের সমান)	১ তোলা
৫ সিকিতে	১ কাঁচ্চা [‹৫]
৪ ছটাকে	এক পোয়া (৴৷০)
৪ কাঁচ্চায় বা ৫ তোলায়	১ ছটাক (৴৴)
৪ পোয়ায়	১ সের (৴১)
১৬ ছটাক বা ৮০ তোলায়	১ সের (৴১)
৫ সেরে	১ পঁশুরি (৴৫)
৪০ সেরে	১ মণ (১৴০)
৮ পঁশুরিতে	১ মণ (১৴০)
দশ সের=।০	কুড়ি সের=॥০

ত্রিশ সের=৸০

১ টাকার ভরকে এক ভরি বা এক তোলা কহে। অতএব ৮০টি টাকার ওজন এক সেরের সমান।

স্বর্ণ রৌপ্যাদির ওজনে তোলা এইরূপে বিভক্ত হয় ঃ—
৪ ধানে এক রতি, ৬ রতিতে এক আনা, ১৬ আনায় ১ তোলা।

ইংরেজী বাজার ওজন

২।	১৬ ড্রামে	১ আউন্স
	১৬ আউন্সে	১ পাউণ্ড
	২৮ পাউণ্ডে	১ কোয়ার্টার
	৪ কোয়ার্টারে	১ হন্দর
	২০ হন্দরে	১ টন
	১ টন =	প্রায় ২৭ মণ

(গ) দৈর্ঘ্য পরিমাণ

১। বঙ্গদেশীয় রৈখিক পরিমাণ

৩ যবোদরে	১ অঙ্গুলি
২৪ অঙ্গুলিতে	১ হাত
২ হাতে	১ গজ

৪ অঙ্গুলিতে = ১ মুষ্টি ; ১২ অঙ্গুলিতে = ১ বিঘৎ

২। ভূমির দৈর্ঘ্য বিস্তার মাপ

৪ কাঁচ্চায়	১ ছটাক (//)
৪ ছটাকে	১ পোয়া (/।) = (১ হাত)
৪ পোয়ায় বা ১৬ ছটাকে	১ কাঠা (= ৪ হাত) (/১)
২০ কাঠায়	১ বিঘা (= ৮০ হাত) (১/)

বিঘা মনের ন্যায় এবং কাঠা সেরের ন্যায় লিখিত হয়। কেবল প্রভেদ এই যে ১০ কাঠায় চৌক না ধরিয়া ৫ কাঠায় চৌক ধরিতে হয়।

৩। ইংরেজী রৈখিক মাপ

১২ ইঞ্চিতে	১ ফুট
১৮ ”	১ হাত
৩ ফুটে বা ২ হাতে	১ গজ
১৭৬০ গজে	১ মাইল
২ মাইলে	১ ক্রোশ

৪। ইংরেজী বর্গ পরিমাণ

১৪৪ বর্গ ইঞ্চিতে (ব. ই.)	১ বর্গ ফুট (১ ব. ফু.)
৯ বর্গ ফুটে	১ বর্গ গজ (১ ব. গ.)
৪৮৪০ বর্গ গজে	১ একর (১ এ.)
৬৪০ একরে	১ বর্গ মাইল (১ ব. মা.)

১ একর = ৩ বিঘা আধ কাঠা। ৪০ একর = ১২১ বিঘা।

৫। বঙ্গদেশীয় ভূমি পরিমাণ

১ বর্গ হাতে	১ গণ্ডা
২০ গণ্ডায়	১ ছটাক
১৬ ছটাকে	১ কাঠা
২০ কাঠায়	১ বিঘা
৫৭৬ বর্গ অঙ্গুলিতে	১ বর্গ হাত
৪ বর্গ হাতে	১ বর্গ গজ
এক একর =	৩ বিঘা ৮ ছটাক

(ঘ) কাল বিভাগ

১। বঙ্গদেশীয়

৬০ অনুপলে	১ বিপল
৬০ বিপলে	১ পল
৬০ পলে	১ দণ্ড
৭½ দণ্ডে	১ প্রহর।
৮ প্রহরে বা ৬০ দণ্ডে	১ দিন
৭ দিনে	১ সপ্তাহ
৩০ দিনে	১ মাস
১২ মাসে	১ বৎসর

২। ইংরেজী প্রণালী

৬০ সেকেণ্ডে	১ মিনিট
৬০ মিনিটে	১ ঘণ্টা
২৪ ঘণ্টায়	১ দিন
৭ দিনে	১ সপ্তাহ
৩০ দিন	১ মাস
১২ মাসে বা ৩৬৫ দিনে	১ বৎসর
৩৬৬ দিনে	১ পরিবৎসর বা লিপ্‌ ইয়ার
১০০ বৎসরে	১ শতাব্দী
১২ মাসে ১ বৎসর ঃ	৫২ সপ্তাহে ১ বৎসর

৩০ দিনে মাস ধরা হয় বটে কিন্তু প্রকৃত পক্ষে সকল মাস ৩০ দিনে নহে কোন মাস ৩০ দিনে হয় আবার কোন মাস ৩০ দিনের কমে বা বেশীতে হয় সুতরাং এক বৎসর বলিতে ৩৬০ দিন বুঝায় না।

সাধারণতঃ ফেব্রুয়ারী মাস ২৮ দিনে হয়। ফেব্রুয়ারী মাস যে বৎসর ২৯ দিনে হয় সেই বৎসর লিপ. ইয়ার হইবে অর্থাৎ ৩৬৬ দিনে এক বৎসর হইবে।

প্রতি ৪ বৎসর পর লিপ. ইয়ার হয়।

সাধারণতঃ সনের সংখ্যাকে ৪ দিয়া ভাগ করিলে কোন অবশিষ্ট না থাকিলে সেই সনে লিপ্ ইয়ার হইবে।

ইংরেজী মাসের দিন সংখ্যা

জানুয়ারী	৩১ দিন
ফেব্রুয়ারী	২৮ „ (লি.পইয়ার হইলে ২৯ দিন)
মার্চ	৩১ „
এপ্রিল	৩০ „
মে	৩১ „
জুন	৩০ „
জুলাই	৩১ „
আগস্ট	৩১ „
সেপ্টেম্বর	৩০ „
অক্টোবর	৩১ „
নভেম্বর	৩০ „
ডিসেম্বর	৩১ „

মধ্যশিক্ষা গণিত

প্রথম অধ্যায়

পূর্বপাঠের পুনরালোচনা

[ক] মিশ্র চারি নিয়ম ঘটিত প্রশ্ন

১। **উদাহরণ**—মণ প্রতি টা. ৩০॥০ দরে মণ ৪/ চিনির সহিত মণ প্রতি টা. ৩২৲ দরের ৮/ মণ চিনি মিশ্রিত করা হইল। মিশ্রিত চিনির প্রতি মণের মূল্য কত ?

৪/ মণ চিনির দাম = টা. ৩০॥০ × ৪ = টা. ১২২৲

৮/ মণ " " = টা. ৩২৲ × ৮ = টা. ২৫৬৲

১২ মণ চিনির দাম = ৩৭৮৲ টাকা

১২ মণ চিনির দাম = ৩৭৮ টাকা

১ " " " = ৩৭৮ টাকা ÷ ১২

= ৩১॥০ টাকা

∴ ১ মণ মিশ্রিত চিনির দাম = ৩১॥০ টাকা (উত্তর)।

২। **উদাহরণ**—দুইটি আলমারীতে ৩০০ গজ কাপড় আছে। একটিতে অপরটি অপেক্ষা ৬০ গজ বেশী কাপড় আছে। কোন্ আলমারীতে কত কাপড় আছে ?

বেশী কাপড়টা এক আলমারীতে না থাকিলে প্রত্যেক আলমারীর কাপড় সমান হইত।

সুতরাং যে আলমারীতে কম কাপড় আছে তাহার

কাপড়=(৩০০ গজ কাপড়−৬০ গজ কাপড়)÷২

=২৪০ গজ কাপড়÷২

=১২০ গজ কাপড়

অন্য আলমারীর কাপড়=৩০০ গজ−১২০ গজ

=১৮০ গজ (উত্তর)।

৩। **উদাহরণ**—দুইটি পাত্রে ৪৮০ মণ সন্দেশ আছে। একটি পাত্রে অন্যটি অপেক্ষা ৩ গুণ বেশী সন্দেশ আছে। বড় পাত্রে কত সন্দেশ আছে ?

প্রথম পাত্রে—১ গুণ সন্দেশ

দ্বিতীয় পাত্রে—৩ গুণ সন্দেশ

মোট—৪ গুণ সন্দেশ

∴ প্রথম পাত্রের সন্দেশ=৪৮০ মণ÷৪=১২০ মণ

বড় পাত্রের সন্দেশ =১২০ মণ×৩=৩৬০ মণ (উত্তর)।

৪। **উদাহরণ**—দুইটা বাক্সে কাপড় আছে। একটি বাক্সে আর একটি বাক্স অপেক্ষা ১০০ গজ বেশী কাপড় আছে। বড় বাক্সে ২৭৫ গজ কাপড় আছে। ছোট বাক্সে কত গজ কাপড় আছে ?

বড় বাক্স ও ছোট বাক্সের কাপড়ের অন্তর ১০০ গজ

বড় বাক্সের কাপড় ২৭৫ গজ

∴ ছোট বাক্সের কাপড় বড় বাক্সের কাপড় অপেক্ষা ১০০ গজ কম হইবে।

∴ ছোট বাক্সের কাপড়=২৭৫ গজ−১০০ গজ

=১৭৫ গজ (উত্তর)।

৫। **উদাহরণ**—পিতা ও পুত্রের বয়সের অন্তর ৩০ বৎসর ; পুত্রের বয়স ২৫ বৎসর হইলে পিতার বয়স কত ?

পিতা ও পুত্রের বয়সের অন্তর ৩০ বৎসর
এবং পুত্রের বয়স ২৫ „
∴ পিতার বয়স পুত্রের বয়স অপেক্ষা ৩০ বৎসর বেশী
∴ পিতার বয়স = ২৫ বৎসর + ৩০ বৎসর = ৫৫ বৎসর (উত্তর)।

৬। **উদাহরণ**—হরি ও শ্যামের বয়সের সমষ্টি ৮৬ বৎসর ; শ্যাম ও মোহিতের বয়সের সমষ্টি ৬১ বৎসর ; হরি ও মোহিতের বয়সের সমষ্টি ৬৫ বৎসর ; প্রত্যেকের বয়স কত ?

নিয়ম—তিনজন লোকের মধ্য হইতে ২ জন করিয়া লোক লইয়া জোড়া বাঁধিয়া তিন জোড়া লোক করা হইয়াছে, সুতরাং এই তিন জোড়ার মোট বয়সের অর্ধেক লইলে তিনজনের মোট বয়স পাওয়া যাইবে। এখন এই বয়সের সমষ্টি হইতে প্রত্যেক জোড়ার বয়স বিয়োগ করিলে প্রত্যেকের আলাদা আলাদা বয়স পাওয়া যাইবে।

হরি ও শ্যামের বয়স = ৮৬ বৎসর
শ্যাম ও মোহিতের বয়স = ৬১ বৎসর
হরি ও মোহিতের বয়স = ৬৫ বৎসর

প্রত্যেকের বয়সের দ্বিগুণের সমষ্টি = ২১২ বৎসর
∴ হরি, শ্যাম ও মোহিতের বয়সের সমষ্টি = ২১২ বৎসর ÷ ২
অর্থাৎ ৩ জনের বয়সের সমষ্টি = ১০৬ বৎসর
মোহিতের বয়স = (১০৬ − ৮৬) বৎসর = ২০ বৎসর
হরির বয়স = (১০৬ − ৬১) বৎসর = ৪৫ বৎসর
শ্যামের বয়স = (১০৬ − ৬৫) বৎসর = ৪১ বৎসর।

৭। উদাহরণ—প্রত্যেক বালককে /॥০ ছটাক ও প্রত্যেক বয়স্ক ব্যক্তিকে /১ সের করিয়া চাউল খয়রাতি করায় ২০০ জন বালক ও বয়স্ক লোককে দিতে মণ ৩॥০ চাউল খরচ হয়। বয়স্ক ব্যক্তির সংখ্যা কত ?

মনে করিলাম সবাইকে /॥০ ছটাক করিয়া চাউল দেওয়া হয়।

∴ ২০০ জন পায়

=২০০×৮(॥০) ছটাক

=১০০ সের

সমানভাবে দেওয়ার পর অবশিষ্ট রহিল=(মণ ৩॥০)−১০০ সের

=(৩×৪০+২০)−১০০ সের

=১৪০ সের−১০০ সের

=৪০ সের

প্রত্যেক বয়স্ক ব্যক্তি বেশী পায়

=/১−/॥০ ছটাক

=/॥০ ছটাক

=½ আধ সের।

∴ বয়স্ক ব্যক্তির

সংখ্যা=৪০ সের÷½ আধ সের

=৪০×২

=৮০ (উত্তর)।

নিয়ম—(১) প্রথম সমস্ত লোককে নিম্নহার দিয়া গুণ কর।

(২) সমান ভাবে দেওয়ার পর যাহা থাকিবে, বয়স্ক লোক বালক অপেক্ষা যে পরিমাণ বেশী পাইবে তাহা দিয়া ভাগ করিলে নির্ণেয় সংখ্যা পাওয়া যাইবে।

৮। **উদাহরণ**—স্কুলের দরিদ্র মেয়েদের প্রত্যেককে ২ গজ পপলিন, ৪ ফুট সিল্ক ও ১৮ ইঞ্চি লংক্লথ বিলান হয়। যদি সর্বসমেত বিভিন্ন রকমের কাপড় মিলিয়া ৯২ গজ কাপড় থাকে, তবে কতজন মেয়েকে কাপড় বিতরণ করা হয় ?

প্রত্যেক দরিদ্র মেয়ে পায় ২ গজ পপলিন + ৪ ফুট সিল্ক
+ ১৮ ইঞ্চি লংক্লথ
= ৩ গ. ২ ফু. ৬ ই.

∴ দরিদ্র মেয়ের সংখ্যা ৯২ গজ ÷ ৩গ. ২ ফু. ৬ ই. = ২৪ জন (উত্তর)।

৯। **উদাহরণ**—একজনের সাপ্তাহিক মাহিনা টা. ১৪৮৴০ হইলে ১৯৫৩ সালের ১লা জানুয়ারী হইতে ১১ই জুলাই পর্যন্ত সে কত মাহিনা পাইবে ?

জানুয়ারী	৩১ দিন
ফেব্রুয়ারী	২৮ দিন
মার্চ	৩১ দিন
এপ্রিল	৩০ দিন
মে	৩১ দিন
জুন	৩০ দিন
জুলাই	১১ দিন

১লা জানুয়ারী হইতে ১১ই জুলাই পর্যন্ত ১৯২ দিন

৭ দিনের মাহিনা টা. ১৪৮৴০

১ " " ১৪৮৴০ ÷ ৭ = টা. ২৶০

১৯২ " " টা. ২৶০ × ১৯২ = টা. ৪০৮৲ (উত্তর)।

১০। উদাহরণ—১০ ফু. ৮ ই. পরিধিবিশিষ্ট চাকা ২ মাইল যাইতে কতবার ঘুরিবে?

চাকাটা ১ বার ঘুরিলে তাহার পরিধির সমান দীর্ঘ ১০ ফু. ৮ ই. রাস্তা যায়।

সুতরাং ২ মাইল রাস্তা ১০ ফু. ৮ ই. এর যতগুণ এই চাকাটা সমস্ত রাস্তাটি চলিতে তত বার ঘুরে। আবার ২ মাইলকে ১০ ফু. ৮ ই. দিয়া ভাগ করিয়া দেখা গেল যে ২ মাইল ১০ ফু. ৮ ই. এর ৯৯০ গুণ।

∴ চাকাটি ৯৯০ বার ঘুরিবে। (উত্তর)।

```
১০ ফু. ৮ ই.        ২ মাইল
১২               ১৭৬০
―――――――          ――――――
১২০ + ৮           ৩৫২০ গজ
= ১২৮ ইঞ্চি          ৩
                  ――――――
                  ১০৫৬০ ফুট
                     ১২
                  ――――――
১২৮ ই.) ১২৬৭২০ ইঞ্চি ( ৯৯০
        ১১৫২
        ――――
         ১১৫২
         ১১৫২
         ――――
```

১১। (ক) উদাহরণ—১৮৯০ সালের ১লা জানুয়ারী বৃহস্পতিবার; ঐ বৎসর ২০শে জুন কি বার?

জানুয়ারী	—৩১ দিন
ফেব্রুয়ারী	—২৮ দিন
মার্চ	—৩১ „
এপ্রিল	—৩০ „
মে	—৩১ „
জুন	—২০ „
	১৭১ দিন

```
৭) ১৭১ ( ২৪
   ১৪
   ――
    ৩১
    ২৮
    ――
     ৩
```

∴ শনিবার (উত্তর)।

প্রক্রিয়া—১৮৯০ সালের ১লা জানুয়ারী হইতে ঐ সনের ২০শে জুন পর্যন্ত মোট ১৭১ দিন (ঐ বৎসর লীপ-ইয়ার থাকিলে আরও একদিন বেশী হইত)।

৭ দিনে ১ সপ্তাহ ∴ ১৭১ ÷ ৭ = ২৪ সপ্তাহ, ভাগশেষ ৩ ∴ ১৭১ দিনে পূর্ণ ২৪ সপ্তাহ হইয়া ৩ দিন হইল। ১৮৯০ খৃষ্টাব্দের ১লা জানুয়ারী বৃহস্পতিবার হইতে পরবর্তী বুধবার পর্যন্ত ৭ দিনে সপ্তাহ ধরিয়া গণনা করিলে প্রত্যেক সপ্তাহের শেষ দিন বুধবার হইবে। অতএব এখানে ২৪ সপ্তাহের শেষ দিনও বুধবার হইবে। কিন্তু এখানে ভাগশেষ ৩ আছে বলিয়া বুঝিতে হইবে বুধবারের পর আরও ৩ দিন হইয়াছে। বুধবারের পর আরও ৩ দিন ধরিলে শনিবার হয়। সুতরাং ১৮৯০ সনের ২০শে জুন শনিবার ছিল।

[খ] ল. সা. গু. ও গ. সা. গু. ঘটিত প্রশ্ন

১২। **উদাহরণ**—কোন্ বৃহত্তম রাশি দ্বারা ২১১ ও ৩১৩কে ভাগ করিলে যথাক্রমে ১১ ও ১৩ ভাগশেষ থাকিবে?

নিয়ম—(ভাজ্য – অবশিষ্ট) = ভাজক × ভাগফল।

ভাজ্য হইতে ভাগশেষ অন্তর করিলে যে অন্তরফল থাকে তাহা ভাজক ও ভাগফলের গুণফল।

২১১ – ১১ = ২০০,   ৩১৩ – ১৩ = ৩০০

নির্ণেয় সংখ্যা = ২০০ ও ৩০০ এর গ. সা. গু. = ১০০ (উত্তর)।

১৩। **উদাহরণ**—কোন্ বৃহত্তম রাশি দ্বারা ২৪৭ ও ৩৬৮কে ভাগ করিলে প্রত্যেক ক্ষেত্রে ৫ ভাগশেষ থাকে?

নিয়ম—ভাজ্য—ভাগশেষ = ভাজক × ভাগফল

এখানে নির্ণেয় বৃহত্তম রাশি = ভাজক

এবং ২৪৭ ও ৩৬৮ ইহারা প্রত্যেকে ভাজ্য

∴ ২৪৭ − ৫ = ২৪২

এবং ৩৬৮ − ৫ = ৩৬৩

∴ ২৪২ ও ৩৬৩ এর গ. সা. গু. নির্ণেয় ভাজক।

২৪২) ৩৬৩ (১
২৪২
১২১) ২৪২ (২
২৪২

∴ নির্ণেয় সংখ্যা ১২১ (উত্তর)।

১৪। উদাহরণ—কোন্ বৃহত্তম রাশি দ্বারা ১৪৮, ২৪২ ও ৪৩০কে ভাগ করিলে প্রত্যেক ক্ষেত্রে একই ভাগশেষ থাকিবে ?

প্রদত্ত সংখ্যাগুলিকে ভাগ করিলে যখন একই ভাগশেষ থাকে তখন বুঝা যাইতেছে যে, যে কোন দুইটির অন্তরফলকে ভাগ করিলে ভাগশেষ থাকিবে না অর্থাৎ যে কোন দুইটির অন্তরফল সম্পূর্ণ বিভাজ্য হইবে।

এখন ২৪২ − ১৪৮ = ৯৪

৪৩০ − ২৪২ = ১৮৮

৪৩০ − ১৪৮ = ২৮২

৯৪) ১৮৮ (২
১৮৮

৯৪) ২৮২ (৩
২৮২

∴ নির্ণেয় সংখ্যা দ্বারা ৯৪, ১৮৮ ও ২৮২ বিভাজ্য।

∴ নির্ণেয় সংখ্যা = ৯৪, ১৮৮ ও ২৮২ এর গ. সা. গু. = ৯৪।

১৫। **উদাহরণ**—একটা ভাগহারে ভাজ্য ৮২৬৯ এবং প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ভাগশেষ যথাক্রমে ১৫, ২২ ও ২৮ ; ভাজক ও ভাগফল নির্ণয় কর।

শেষ ভাগশেষের পূর্ব ভাগশেষ ২২। ভাজ্যের শেষ অঙ্ক ৯ তাহার ডাইনে নামিলে ২২৯ শেষ আংশিক ভাজ্য হইবে। এক্ষণে ইহা হইতে শেষ ভাগশেষ ২৮ বাদ দিলে (২২৯ − ২৮) বা ২০১ ভাজকের শেষ আংশিক গুণফল।

৮২৬৯´
৬৭
১৫ (৬)
১৩৪
২২ (৯)
২০১
২৮

এইরূপে ভাজকের অন্যান্য আংশিক গুণফলগুলি (১৫৬ − ২২) বা ১৩৪ এবং (৮২ − ১৫) বা ৬৭।

এই তিনটি ভাজকের আংশিক গুণফলের গ. সা. গু. ৬৭। ভাজক ৬৭ অথবা ৬৭এর কোন গুণফল। কিন্তু ৬৭ ভাগশেষগুলি হইতে বড় এবং মৌলিক সংখ্যা।

∴ ভাজক = ৬৭, ভাগফল = ১২৩ (উত্তর)।

১৬। **উদাহরণ**—৩০০ ও ১০০০এর মধ্যবর্তী কোন্ কোন্ সংখ্যার গ. সা. গু. = ২৩১ ?

রাশিগুলি এমন হইবে যে, ২৩১ ভিন্ন অন্য উৎপাদকগুলি পরস্পর মৌলিক।

২৩১ × ২ = ৪৬২
২৩১ × ৩ = ৬৯৩ ২ ও ৩ ; ৩ ও ৪ পরস্পর মৌলিক।
২৩১ × ৪ = ৯২৪ ∴ নির্ণেয় সংখ্যাদ্বয়

বা, ৪৬২, ৬৯৩ }
৬৯৩, ৯২৪ } (উত্তর)।

১৭। উদাহরণ—কোন দুইটি সংখ্যার গ. সা. গু. নির্ণয় করার সময় শেষ ভাজক ৫ এবং ভাগফলগুলি যথাক্রমে ৩, ১ ও ৩ হয়। সংখ্যা দুইটি নির্ণয় কর।

শেষ ভাজ্য = ভাজক × ভাগফল

= ৫ × ৩ = ১৫

গ. সা. গু.তে শেষকালের ভাজ্য

= তাহার পূর্বের ভাজক

∴ ১৫ = শেষ ভাজ্যের পূর্ব ভাজক

২০) ৭৫ (৩
      ৬০
১৫) ২০ (১
      ১৫
৫) ১৫ (৩
      ১৫

∴ শেষ ভাজ্যের পূর্বভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ

= ১৫ × ১ + ৫

= ২০

∴ প্রথম ভাজক = ২০

∴ প্রথম ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ

= ২০ × ৩ + ১৫

= ৬০ + ১৫

= ৭৫

∴ সংখ্যা দুইটি ২০ ও ৭৫ (উত্তর)।

১৮। উদাহরণ—কোন্ ক্ষুদ্রতম সংখ্যাকে ৫, ১৫, ২৫, ৩০ ও ৩৫ দ্বারা পৃথকভাবে ভাগ করিলে প্রত্যেক ক্ষেত্রে ১ ভাগশেষ থাকে?

৫ | ৫, ১৫, ২৫, ৩০, ৩৫	
৩ | ১, ৩, ৫, ৬, ৭	
১, ১, ৫, ২, ৭	

ল. সা.গু. = ৫ × ৩ × ৫ × ২ × ৭
= ১০৫০

৫, ১৫, ২৫, ৩০ এবং ৩৫ এর ল.সা.গু হইল ক্ষুদ্রতর রাশি, যাহা ইহাদের দ্বারা বিভাজ্য ; কাজেই, ল.সা.গু. এর সহিত ১ যোগ করিলে যে রাশিটি পাওয়া যায় তাহাকে ভাগ করিলে ১ অবশিষ্ট থাকিবে।

নির্ণেয় সংখ্যা = ভাজ্য
দেয় সংখ্যা = ভাজক
∴ নির্ণেয় সংখ্যা
= ১০৫০ + ১
= ১০৫১ (উত্তর)।

১৯। উদাহরণ—কোন্ ক্ষুদ্রতম সংখ্যাকে ১০, ১৪ ও ১৬ দ্বারা ভাগ করিলে যথাক্রমে ৮, ১২ ও ১৪ ভাগশেষ থাকে ?

১০ − ৮ = ২
১৪ − ১২ = ২
১৬ − ১৪ = ২

সুতরাং প্রত্যেক ভাজক অপেক্ষা ভাগশেষ ২ কম।

সুতরাং নির্ণেয় সংখ্যাটির সহিত ২ যোগ করিলে যোগফল ১০, ১৪ ও ১৬ দ্বারা বিভাজ্য হইবে।

২ | ১০, ১৪, ১৬	
৫, ৭, ৮	

ল. সা. গু. = ২ × ৫ × ৭ × ৮
= ৫৬০

∴ নির্ণেয় সংখ্যা = ৫৬০ − ২ = ৫৫৮

২০। উদাহরণ—৪ অঙ্কের এমন একটি বৃহত্তম সংখ্যা নির্ণয় কর যাহা ৪, ৬, ৮, ১০ ও ১২ দ্বারা বিভাজ্য।

নির্ণেয় বৃহত্তম সংখ্যা = ভাজ্য

৪, ৬, ৮, ১০ ও ১২ এর ল. সা. গু. = ভাজক

∴ ভাজ্য ভাজক দ্বারা বিভাজ্য হইতে হইলে ভাগকার্যে যে ভাগশেষ থাকিবে (অর্থাৎ বেশী থাকিবে) সেইটা বিয়োগ করিতে হইবে।

৪ অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯

৪, ৬, ৮, ১০ ও ১২এর ল. সা. গু.

= ২ × ২ × ৩ × ২ × ৫ = ১২০

১২০) ৯৯৯৯ (৮৩
৯৬০
৩৯৯
৩৬০
৩৯

২	৪, ৬, ৮, ১০, ১২
২	১. ৩. ৪. ৫, ৬
৩	১. ৩. ২, ৫. ৩
	১, ১, ২, ৫, ১

নির্ণেয় সংখ্যা = ৯৯৯৯ − ৩৯ = ৯৯৬০ (উত্তর)।

২১। **উদাহরণ**—৫ অঙ্কের এমন একটি **ক্ষুদ্রতম** সংখ্যা নির্ণয় কর যাহা ৬, ১২, ১৮ ও ২০ দ্বারা বিভাজ্য।

ইহা পূর্ব প্রশ্নের মতই; তবে ক্ষুদ্রতম সংখ্যা ভাজ্য হওয়ায় ভাগকার্যে যে ভাগশেষ হয় তাহা ইহা হইতে অন্তর করিলে হইবে না। কারণ **ভাজ্য এক অঙ্ক কম হইয়া যায়।** এইখানে প্রশ্ন এইভাবে দেখিতে হইবে যে **আর কত যোগ করিলে ইহা** বিভাজ্য হয়। সুতরাং ভাজক আর ১ বার যাইতে হইলে যত সংখ্যা কম পড়ে (**ভাজক— ভাগশেষ**) সেইটা যোগ করিতে হয়।

৫ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

∴ ৬, ১২, ১৮ ও ২০এর ল.সা.গু. = ২ × ৩ × ২ × ৩ × ৫ = ১৮০

২	৬, ১২, ১৮, ২০
৩	৩, ৬, ৯, ১০
২	১, ২, ৩, ১০
	১, ১, ৩, ৫

১৮০) ১০০০০ (৫৫
৯০০
১০০০
৯০০
১০০

১৮০
১০০
৮০

∴ নির্ণেয় সংখ্যা ১০০০০ + ৮০ = ১০০৮০ (উত্তর)।

২২। **উদাহরণ**—কোন্ ক্ষুদ্রতম সংখ্যাকে ৪, ৬, ৯ ও ১২ দ্বারা ভাগ করিলে প্রত্যেক ক্ষেত্রে ২ ভাগশেষ থাকে কিন্তু সংখ্যাটি ১৩ দ্বারা সম্পূর্ণ বিভাজ্য ?

এখানে ৪, ৬, ৯ ও ১২এর ল. সা. গু. ৩৬। সুতরাং দেখা যাইতেছে নির্ণেয় সংখ্যাটি ৩৬এর কোন গুণিতক অপেক্ষা ২ বেশী। এখন ৩৬এর কত গুণের সহিত ২ যোগ করিলে যোগফলটি ১৩ দ্বারা বিভাজ্য হয় তাহা নির্ণয় করিতে হইবে।

৩৬কে ১৩ দ্বারা ভাগ করিলে কত ভাগশেষ থাকে দেখা যাক। ভাগশেষ হইবে ১০। এবার দেখা যাক ১০এর কত গুণের সহিত ২ যোগ করিলে ১৩ দ্বারা বিভাজ্য হয়। পরিষ্কার ভাবে দেখা যাইতেছে ১০এর ৫ গুণের সহিত ২ যোগ করিলে ১৩ দ্বারা বিভাজ্য হয়। কারণ—১০ × ৫ + ২ = ৫২।

∴ নির্ণেয় সংখ্যা = ৩৬ × ৫ + ২ = ১৮০ + ২ = ১৮২ (উত্তর)

২৩। উদাহরণ—কোন্ ক্ষুদ্রতম সংখ্যাকে ৮, ১২ ও ১৬ দ্বারা ভাগ করিলে যথাক্রমে ৬, ১০ ও ১৪ ভাগশেষ থাকে, কিন্তু ১১ দ্বারা সম্পূর্ণ বিভাজ্য ?

ভাজক ও ভাগশেষের অন্তর = ২

ল. সা. গু. = ২ × ২ × ২ × ৩ × ২ = ৪৮

২	৮, ১২, ১৬
২	৪, ৬, ৮
২	২, ৩, ৪
	১, ৩, ২

এই প্রশ্ন পূর্ব প্রশ্নের মত। এইখানে ৮, ১২ ও ১৬এর ল. সা. গু. ৪৮ ; সুতরাং এখানে ইহাকে ১১ দ্বারা ভাগ করিলে ৪ ভাগশেষ থাকে। এখন দেখা যাক ৪এর কতগুণ হইতে ২ অন্তর করিলে ১১ দ্বারা বিভাজ্য হয়। প্রকৃতপক্ষে ৪কে ৬ গুণ করিয়া গুণফল হইতে ২ অন্তর করিলে ১১ দ্বারা বিভাজ্য হয়।

∴ নির্ণেয় সংখ্যা—৪৮ × ৬ − ২ = ২৮৮ − ২ = ২৮৬ (উত্তর)।

২৪। উদাহরণ—১০০০ ও ২০০০এর মধ্যবর্তী কোন্ কোন্ সংখ্যা ১২, ১৬ ও ২০ দ্বারা বিভাজ্য ?

এই প্রশ্ন দুই ভাবে করা যায়। প্রথমে ১০০০কে ৪ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা মনে করা যায়। সেইভাবে প্রশ্নটি ২১ উদাহরণের মত দাঁড়ায় এবং সেই উপায়ে তাহার সমাধান হয়। আবার দ্বিতীয়তঃ ২০০০কে বৃহত্তম সংখ্যা ধরা যায় এবং ২০ উদাহরণের মত ইহার সমাধান হয়।

১ম প্রণালী :—

১২, ১৬ ও ২০ এর ল. সা. গু. = ২৪০

২৪০) ১০০০ (৪
       ৯৬০
       ৪০

২৪০ − ৪০ = ২০০

∴ নির্ণেয় সংখ্যা = ১০০০ + ২০০

= ১২০০ (উত্তর)।

২য় প্রণালী :—

২৪০) ২০০০ (৮
       ১৯২০
       ৮০

∴ নির্ণেয় সংখ্যা = ২০০০ − ৮০ = ১৯২০

ইহা ছাড়াও প্রদত্ত সংখ্যাদ্বয়ের মধ্যবর্তী অন্য সংখ্যা

২৪০ × ৬ = ১৪৪০

২৪০ × ৭ = ১৬৮০

∴ সংখ্যাগুলি ১২০০, ১৪৪০, ১৬৮০ ও ১৯২০ (উত্তর)।

২৫। উদাহরণ—১০০ ও ২০০এর মধ্যবর্তী কোন্ কোন্ সংখ্যা ২, ৩, ৪ ও ৫ দ্বারা ভাগ করিলে ১ অবশিষ্ট থাকে ?

পূর্ব প্রশ্নের মত, কেবলমাত্র নির্ণেয় সংখ্যার সহিত ১ যোগ করিতে হইবে।

২, ৩, ৪ ও ৫এর ল. সা. গু. = ৬০

৬০) ১০০ (১
       ৬০
       ৪০

৬০ − ৪০ = ২০ ∴ লঘিষ্ঠ সংখ্যা হিসাবে নির্ণেয় সংখ্যা

= ১০০ + ২০ + ১

= ১২১

৬০) ২০০ (৩
       ১৮০
       ২০

∴ গরিষ্ঠ সংখ্যা হিসাবে নির্ণেয় সংখ্যা

২০০ − ২০ + ১

= ১৮১

∴ সংখ্যা দুইটি ১২১ ও ১৮১ (উত্তর)।

২৬। **উদাহরণ**—৫ অঙ্কের কোন্ বৃহত্তম সংখ্যা ৩২১এর সহিত যোগ করিলে ১০, ১৫, ২০ ও ২৫ দ্বারা বিভাজ্য হইবে ?

প্রথমে ৪ অঙ্কের **বৃহত্তম সংখ্যার** সহিত প্রদত্ত সংখ্যা যোগ করিয়া যোগফলকে প্রদত্ত সংখ্যাগুলির ল. সা. গু. দ্বারা ভাগ করিয়া দেখা যাক। এখন যে ভাগশেষ থাকিবে, প্রকৃতপক্ষে উক্ত বৃহত্তম সংখ্যা হইতে সেই সংখ্যা **অন্তর করিলে নির্ণেয় সংখ্যা** পাওয়া যাইবে।

৪ অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯

১০, ১৫, ২০ ও ২৫ এর ল. সা. গু. = ৩০০

```
          ৯৯৯৯
           ৩২১
     ──────────
৩০০ ) ১০৩২০ ( ৩৪
       ৯০০
      ─────
       ১৩২০
       ১২০০
      ─────
        ১২০
```

∴ নির্ণেয় সংখ্যা = ৯৯৯৯ − ১২০
= ৯৮৭৯ (উত্তর)।

২৭। **উদাহরণ**—৪ অঙ্কের কোন্ **ক্ষুদ্রতম** সংখ্যা হইতে ৫৫ বিয়োগ করিলে ৬, ১২, ১৮ ও ২৪ দ্বারা বিভাজ্য ?

পূর্ব প্রশ্নের মত। প্রথমে ৪ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হইতে ৫৫ বিয়োগ কর। এখন অন্তরফলকে প্রদত্ত সংখ্যার **ল. সা. গু.** দ্বারা

ভাগ কর। ভাজক ও ভাগশেষের অন্তর ক্ষুদ্রতম সংখ্যার সহিত যোগ করিলে নির্ণেয় সংখ্যা পাওয়া যাইবে।

২	৬, ১২, ১৮, ২৪
৩	৩, ৬, ৯, ১২
২	১, ২, ৩, ৪
	১, ১, ৩, ২

ল. সা. গু. $=$ ২ $\times$ ৩ $\times$ ২ $\times$ ৩ $\times$ ২
$=$ ৭২

৪ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা $=$ ১০০০


```
 ১০০০
   ৫৫
 ─────────
৭২) ৯৪৫ (১৩
    ৭২
 ─────────
    ২২৫
    ২১৬
    ───
      ৯
```

নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা $=$ ১০০০ $+$ (৭২ $-$ ৯)
$=$ ১০০০ $+$ ৬৩
$=$ ১০৬৩ (উত্তর)।

২৮। **উদাহরণ**—দুইটি সংখ্যার ল. সা. গু., গ. সা. গু. এর ১৫ গুণ। ল. সা. গু. ও গ. সা. গু.এর অন্তর ২৮০। সংখ্যা দুইটির ল. সা. গু. ও গ. সা. গু. নির্ণয় কর।

$\because$ ল. সা. গু., গ. সা. গু.-র ১৫ গুণ

$\therefore$ ল. সা. গু., গ. সা. গু. অপেক্ষা ১৪ গুণ বেশী

আবার, ল. সা. গু. গ. সা. গু., অপেক্ষা ২৮০ বেশী

$\therefore$ গ. সা. গু.এর ১৪ গুণ $=$ ২৮০

$\therefore$ গ. সা. গু. $=$ ২৮০ $\div$ ১৪ $=$ ২০ ⎫
ল. সা. গু. $=$ ২০ $\times$ ১৫ $=$ ৩০০ ⎭ (উত্তর)।

২৯। **উদাহরণ**—দুইটি সংখ্যার ল. সা. গু. ৭৫০ এবং গ. সা. গু. ৫০ উহাদের একটি সংখ্যা ১৫০ হইলে অপরটি কত?

দুইটি সংখ্যার গুণফল = তাহাদের ল. সা. গু. এবং গ. সা. গু.এর গুণফল।

∴ অন্য সংখ্যা = $\frac{\cancel{২৫০} \times \cancel{৫০}}{\cancel{৫০০}}$ = ২৫০ (উত্তর)।

(কাটাকুটিতে লেখা: উপরে ২৫০, নিচে ৫)

৩০। **উদাহরণ**—দুইটি সংখ্যার ল. সা. গু., গ. সা. গু.-র ১০ গুণ ; ল. সা. গু. ও গ. সা. গু.-র অন্তর ২৭০। যদি একটি সংখ্যা ৬০ হয় অপরটি কত ?

প্রশ্নের প্রথম দিকটা ২৮ উদাহরণের মতন। ইহা হইতে দুই সংখ্যার ল. সা. গু. ও গ. সা. গু. বাহির হইবে। তখন ইহা ২৯ উদাহরণের মত।

(১ম ভাগ) ল. সা. গু., গ. সা. গু.-র ১০ গুণ

∴ ল. সা. গু., গ. সা. গু. হইতে ৯ গুণ বেশী

এবং ল. সা. গু. গ. সা. গু. অপেক্ষা ২৭০ বেশী।

∴ গ. সা. গু.-র ৯ গুণ = ২৭০

∴ গ. সা. গু = ২৭০ ÷ ৯ = ৩০

এবং ল. সা. গু. = ৩০ × ১০ = ৩০০

(২য় ভাগ) দুই সংখ্যার ল. সা. গু. ও গ. সা. গু. যথাক্রমে ৩০০ ও ৩০ এবং একটি সংখ্যা ৬০।

∴ অপরটি = $\frac{\cancel{৩০} \times \cancel{৩০০}}{\cancel{৬০}}$ = ১৫০ (উত্তর)।

(কাটাকুটিতে লেখা: উপরে ১৫০, নিচে ২)

[গ] (সরল ভগ্নাংশ ও দশমিক ভগ্নাংশের দুই স্থান পর্যন্ত)

চার নিয়মের প্রশ্ন।

৩১। **উদাহরণ**—একটা লোহার থাম (পোষ্ট) ২০ হাত লম্বা। ইহার $\frac{৯}{১০}$ ভাগ মাটির উপরে থাকিলে মাটির নীচে কত হাত ছিল?

বাঁশের সমগ্র অংশ ২০ হাত

বাঁশের $\frac{৯}{১০}$ অংশ = ২০ হাত × $\frac{৯}{১০}$

= ১৮ হাত।

∴ মাটির উপরের অংশ ১৮ হাত।

এবং মাটির নীচের অংশ = ২০ − ১৮ হাত = ২ হাত (উত্তর)।

অন্য উপায়ে—

মাটির নীচের অংশ = ১ − $\frac{৯}{১০}$ = $\frac{১}{১০}$ অংশ

বাঁশের সমগ্র ভাগ ২০ হাত

∴ " $\frac{১}{১০}$ অংশ = ২০ × $\frac{১}{১০}$ = ২ হাত মাটির নীচে (উত্তর)।

৩২। **উদাহরণ**—এক ব্যক্তি তাহার সম্পত্তির $\frac{৪}{৫}$ অংশ ৪০০ টাকায় বিক্রয় করিল। তাহার কত টাকার সম্পত্তি অবশিষ্ট রহিল ও মোট কত টাকার সম্পত্তি ছিল?

তাহার সম্পত্তির $\frac{৪}{৫}$ অংশের মূল্য টা. ৪০০৲

" " ১ (সমগ্র)-এর মূল্য টা. $\frac{\overset{১০০}{\cancel{৪০০}} \times ৫}{\cancel{৪}}$ = টা. ৫০০৲

∴ সমগ্র সম্পত্তির মূল্য = ৫০০৲ (উত্তর)।

সম্পত্তির বাকী অংশ = ১ − $\frac{৪}{৫}$ = $\frac{১}{৫}$ অংশ

∴ সম্পত্তির বাকী অংশ = টা. $\frac{\cancel{৫০০}^{১০০} \times ১}{\cancel{৫}}$ = ১০০৲ (উত্তর)।

৩৩। উদাহরণ—একটি বাঁশের $\frac{১}{২}$ অংশ জলের ভিতরে, বাকী ১২ হাত জলের উপরে। বাঁশটি কত হাত লম্বা এবং তাহার কত হাত জলের ভিতর ছিল ?

বাঁশের বাকী অংশ = ১ − $\frac{১}{২}$ = $\frac{১}{২}$ অংশ জলের উপর

বাঁশের $\frac{১}{২}$ অংশ = ১২ হাত

সম্পূর্ণ বাঁশটি = ১২ ÷ $\frac{১}{২}$ = ১২ × ২

= ২৪ হাত (উত্তর)।

∴ জলের উপরে ছিল

$\frac{\cancel{২৪}^{১২} \times ১}{\cancel{২}}$ = ১২ হাত (উত্তর)।

৩৪। উদাহরণ—একজন সম্পত্তির ৪ আনা অংশের মালিক, সে তাহার সম্পত্তির $\frac{৪}{৫}$ অংশ বিক্রয় করিবার পর তাহার নিকট ২০০৲ টাকার সম্পত্তি বাকী রহিল। তাহার অংশের মূল্য কত ?

তাহার নিজ অংশের সম্পত্তি = $\frac{\cancel{৪}}{\cancel{১৬}}$ বা $\frac{১}{৪}$

সে তাহার অংশের, অর্থাৎ সমস্ত সম্পত্তির $\frac{১}{৪}$ এর $\frac{৪}{৫}$ বা $\frac{১}{৫}$ অংশ বিক্রয় করিল।

∴ এখন তাহার রহিল (সমস্ত সম্পত্তির) $\frac{১}{৪}$ অংশ − $\frac{১}{৫}$ অংশ = $\frac{১}{২০}$ অংশ

∴ সম্পত্তির $\frac{১}{২০}$ অংশের মূল্য ২০০৲ টাকা

∴ সমস্ত সম্পত্তির মূল্য ২০০ × $\frac{২০}{১}$ = ৪০০০৲ টাকা

এবং তাহার অংশের মূল্য = ৪০০০ × $\frac{১}{৪}$ = ১০০০৲ (উত্তর)।

[দশমিক ভগ্নাংশ]

৩৫। **উদাহরণ**—একজন তাহার আয়ের ·২৫ অংশ সঞ্চয় করিল। তাহার মোট আয় ৪০০০৲ টাকা হইলে, সে কত ব্যয় করিয়াছিল ?

সে সঞ্চয় করে আয়ের ·২৫ $\frac{২৫}{১০০}$ বা $\frac{১}{৪}$ অংশ
৪

তাহার আয়ের (১ − $\frac{১}{৪}$) বা $\frac{৩}{৪}$ অংশ ব্যয় করে

∴ সে ব্যয় করে = ৪০০০ টাকা × $\frac{৩}{৪}$ = ৩০০০৲ টাকা।

৩৬। **উদাহরণ**—একজন তাহার সম্পত্তির ·৩৬ অংশ ৪৫০৲ টাকায় বিক্রয় করিল ; তাহার কত সম্পত্তি রহিল এবং তাহার মোট সম্পত্তির মূল্য কত ?

তাহার সম্পত্তির ·৩৬ এর মূল্য ৪৫০৲ টাকা

" " $\frac{৩৬}{১০০}$ " " ৪৫০৲ "
(৯ / ২৫)

৫০
∴ ১ (সমস্ত) সম্পত্তির মূল্য ৪৫০ × $\frac{২৫}{৯}$

= ১২৫০৲ টাকা

তাহার সমস্ত সম্পত্তির মূল্য ১২৫০৲ টাকা (উত্তর)।

তাহার রহিল ১ − $\frac{৯}{২৫}$ বা $\frac{১৬}{২৫}$ অংশ

৫০
তাহার বাকী সম্পত্তির মূল্য ১২৫০ × $\frac{১৬}{২৫}$

= ৮০০৲ টাকা (উত্তর)।

৩৭। **উদাহরণ**—একটি বাঁশের ·৪৮ অংশ জলের নীচে, বাকী ২৬ হাত জলের উপরে। বাঁশটি কত হাত লম্বা এবং ইহার কত হাত জলের নীচে ?

বাঁশের ·৪৮ অংশ জলে নীচে ;

∴ বাঁশের $\frac{৪৮}{১০০} = \frac{১২}{২৫}$ অংশ জলের নীচে।

বাকী $১ - \frac{১২}{২৫} = \frac{১৩}{২৫}$ অংশ জলের উপরে।

∴ বাঁশের $\frac{১৩}{২৫}$ অংশ = ২৬ হাত জলের উপরে।

∴ ১ (সমগ্র) বাঁশ $= ২৬ \times \frac{২৫}{১৩} =$ ৫০ হাত (উত্তর)।

আবার বাঁশের $\frac{১২}{২৫}$ অংশ জলের নীচে।

∴ জলের নীচের অংশ $= ৫০ \times \frac{১২}{২৫} =$ ২৪ হাত (উত্তর)।

৩৮। **উদাহরণ**—একজন কোন সম্পত্তির ·০৫ অংশের মালিক, সে তাহার নিজ অংশের ·৭৫ অংশ ৩৬০৲ টাকায় বিক্রয় করিল। তাহার নিজ অংশের সম্পত্তির মূল্য কত ? মোট সম্পত্তির মূল্য কত ?

সম্পত্তির ·০৫ অংশ তাহার।

তাহার সম্পত্তির ·৭৫ অংশ অর্থাৎ

$$·০৫ \text{ এর } ·৭৫ = \frac{৫}{১০০} \times \frac{৭৫}{১০০} = \frac{৩}{৮০}$$ অংশ ৩৬০৲ টাকায় বিক্রয় করিল।

∴ সম্পত্তির $\frac{৩}{৮০}$ অংশের মূল্য ৩৬০৲ টাকা।

$$∴ \text{ মোট সম্পত্তির মূল্য} = \frac{৩৬০ \times ৮০}{৩}$$

৯৬০০৲ টাকা (উত্তর)

∴ সম্পত্তির তাহার অংশের মূল্য = ৯৬০০৲ × ·০৫

$$= ৯৬০০ \times \frac{৫}{১০০}$$

= ৪৮০৲ টাকা (উত্তর)।

প্রশ্নমালা ১

(বিবিধ প্রশ্নমালা)

(ক)

১। (ক) ৩২০০০৲ টাকায় কত মণ, সের, ছটাক ইত্যাদি নির্ণয় কর। (১৲ টাকা = ১ তোলা)

(খ) ৬৫০৬০৬ কাঁচ্চায় কত মণ, সের, ছটাক ইত্যাদি হয়?

(গ) একটি পাহাড় ৯৮৭৬৭০০৩ ইঞ্চি উচ্চ, উহার উচ্চতাকে মাইল, গজ ইত্যাদিতে প্রকাশ কর।

(ঘ) ৭৮৬৯০০০০ সেকেণ্ডে কত বৎসর, মাস, দিন হয় বাহির কর।

২। ২ মাইল লম্বা একগাছা দড়ি কতগুলি সমান অংশে ভাগ করিলে প্রত্যেক অংশের দৈর্ঘ্য ৫ ফুট ৬ ইঞ্চি হইবে?

৩। শব্দ প্রতি সেকেণ্ডে ১১২৫ ফুট যায়, একটা কামানে আগুন দেওয়ার কতক্ষণ পরে উহার শব্দ ১ মাইল ১১৫ গজ দূর হইতে শুনা যাইবে?

৪। রামের বয়স যখন ২৬ বৎসর ৮ মাস ১০ দিন তখন তাহার ১ম পুত্রের জন্ম হয় এবং তাহার (রামের) বয়স যখন ২২ বৎসর ১০ মাস ৭ দিন তখন তাহার ১ম কন্যার জন্ম হয়। প্রথম পুত্রের বয়স যখন ১৩ বৎসর ৫ মাস, তখন ১ম কন্যার বয়স কত হইবে?

৫। একজন মুদীর সের প্রকৃত ওজন অপেক্ষা ৩ তোলা কম, ঐ সের দ্বারা ওজন করিয়া ১২ মণ জিনিস কিনিলে, খরিদ্দার কত সের কম পাইবে?

৬। একখানি গাড়ী এক মাইল যাইতে উহার ছোট চাকা বড় চাকার চেয়ে ৩৯৬ বার বেশী ঘুরে ; বড় চাকার বেড় ৮ ফুট হইলে, ছোট চাকার বেড় কত হইবে?

৭। একগাছি দড়ি মাপিয়া দেখা গেল উহা ৫০ গজ লম্বা কিন্তু পরে দেখা গেল, যে গজ দিয়া মাপা হইয়াছে তাহা প্রকৃত গজ অপেক্ষা ১ ইঞ্চি বেশী ; ঐ দড়িখানির প্রকৃত দৈর্ঘ্য কত?

৮। ১ম ব্যক্তির বয়স ৩২ বৎসর ১৫ সপ্তাহ ৭ দিন, ২য় ব্যক্তির বয়স ২৮ বৎসর ৭ সপ্তাহ ৫ দিন, ৩য় ব্যক্তি ১ম ব্যক্তির চেয়ে যত ছোট, ২য় ব্যক্তির চেয়ে তত বড়। ৩য় ব্যক্তির বয়স কত?

৯। ৸৶০ আনা সের দরে ৮০ সের চিনির পরিবর্তে ৪২ গজ কোটের কাপড় বিনিময় করা গেলে প্রতি গজ কাপড়ের মূল্য কত?

১০। টা. ২॥০ গজ হিসাবে ৩০০ গজ কাপড়ের পরিবর্তে ৪০০৲ টাকা ও ২০০ গজ খারাপ কাপড় পাওয়া গেল। প্রতি গজ খারাপ কাপড়ের দাম কত ?

১১। একজন দোকানদার ২০৲ টাকা মণ দরে ১৫/ মণ ময়দার সহিত ১৮॥০ টাকা মণ দরে ২০/ মণ ময়দা মিশাইল। এখন মিশ্রিত ময়দার প্রতি মণের দাম কত হইবে ?

১২। একজন মুদি প্রতি সের ৵১০ আনা দরে ॥২ সের, ৵/১০ আনা দরে ℘০ সের ও ৵৶১০ আনা দরে ॥৮ সের চিনি খরিদ করিয়া মিশাইল। এই মিশ্রিত চিনির প্রতি সেরের দাম কত ?

১৩। একজন লোক প্রতি সের ৵৶০ আনা দরে মণ ১॥০ সের দুধ খরিদ করিয়া কিছু জল মিশাইয়া যদি বিনা লাভে ॥৶০ সের দরে মিশ্রিত দুগ্ধ বিক্রয় করিতে চায়, তাহা হইলে তাহাকে কত সের জল মিশাইতে হইবে ?

১৪। একজন লোক মণ ২॥০ সের দুধ ৫০৲ টাকায় খরিদ করিল। যদি ॥০ সের দুধ ফুটা পাত্র দিয়া পড়িয়া যায়, তাহা হইলে অবশিষ্ট দুধ সে প্রতি সের কত দরে বিক্রয় করিলে তাহার লাভ বা ক্ষতি কিছুই হইবে না ?

১৫। দুই জন লোক মণ ৪০/ ঘি কিনিয়া ভাগ করিয়া লইল; প্রথম জন মণ ১৫/ ঘি বেশী লইল। কে কতখানি ঘি নিয়াছিল ?

১৬। তিন জন লোকের ভিতর ২৫০ গজ কাপড় এমনভাবে ভাগ করিয়া দাও যেন দ্বিতীয় জন, প্রথম জন অপেক্ষা ৪০ গজ বেশী পায় এবং তৃতীয় জন অপেক্ষা দ্বিতীয় জন ২০ গজ কম পায়।

১৭। ২৪ গজ চুলের ফিতা দুই জন বালিকার মধ্যে এরূপে ভাগ করিয়া দাও যাহাতে প্রথম জন দ্বিতীয় জনের ২ গুণ পায়।

১৮। তিন জন গোয়ালা একটা খাটাল হইতে মণ ৭॥০ সের দুধ খরিদ করিল। প্রথম জন, তৃতীয় জনের ৩ গুণ ও দ্বিতীয় জন ২ গুণ খরিদ করিল। কে কতটুকু খরিদ করিল ?

১৯। কোন নিমন্ত্রণে ১০০০ কাঙ্গালী বিদায় করা হয়। প্রত্যেককে ৩ সের ৩ ছটাক ৩ তোলা হিসাবে চাউল দেওয়ার পর ১মণ ১৩ সের ৭ ছটাক ১ তোলা বাকী রহিল, প্রথমে কত চাউল ছিল ?

২০। একজন দোকানদারের ১ সের ওজনের বাটখারাটি ওজনে ৩ তোলা কম ছিল। তাহার নিকট ঐ বাটখারায় ৩॥৪ সের ময়দা কিনিয়া কত ঠকিয়াছে ?

২১। এক ভদ্রলোক দুর্ভিক্ষের সময় ৫ মণ চাউল দান করিতে গিয়া দেখিলেন যে প্রত্যেক লোককে ৫ ছটাক ২ কাঁচ্চা হিসাবে দিলে তাঁহার নিকট ৪ ছটাক ২ কাঁচ্চা অবশিষ্ট থাকে। কতজন লোককে ঐ চাউল দেওয়া হইয়াছিল ?

২২। এক ধনী তাহার পিতৃশ্রাদ্ধে ৩৮ জন ব্রাহ্মণকে চাউল দান করিল। তাহার নিকট মণ ২৭৫।২৶১ তোলা চাউল ছিল ; আর কত চাউল বেশী থাকিলে সে প্রত্যেক ব্রাহ্মণকে মণ ৭।৬।৵৩ করিয়া চাউল দিতে পারিত ?

২৩। একটি বস্তায় মণ ৩৴৮॥৵১০ কাঁচ্চা ডাইল ধরে। মণ ২৬॥৫।৶৫ কাঁচ্চা হইতে ঐ বস্তায় মাপিয়া কত বস্তা ডাইল লওয়া যাইবে এবং কত অবশিষ্ট থাকিবে ?

২৪। ৩ জন বালক, ৫ জন বালিকা ও ১০ জন বয়স্ক লোকের মধ্যে সের ।৬৵ ছটাক সন্দেশ এমনভাবে ভাগ করিয়া দাও যে প্রতি বালিকা, প্রতি বালকের ২ গুণ এবং প্রতি বয়স্ক লোক প্রতি বালকের ৩ গুণ পায়।

২৫। ৭২৮০ গজ কাপড় যদু, মধু ও হীরু খরিদ করিল। মধুর কাপড় হীরুর কাপড়ের দ্বিগুণ অপেক্ষাও ৪০ গজ বেশী এবং যদুর কাপড় মধুর কাপড়ের ৩ গুণ অপেক্ষা ২০০ গজ বেশী হইলে, কাহার কাপড় কত নির্ণয় কর।

২৬। একটা দোকানে সমান সংখ্যক (লোহার) সের, আধা সের ও পোয়া বাটখারা লইয়া /৮৸০ ওজনের বাটখারা আছে। প্রত্যেক প্রকার বাটখারার সংখ্যা কত?

২৭। উপস্থিত প্রত্যেক বালিকাকে ১ গজ পপলিন, আধ ½ গজ লংক্লথ, ১২ ইঞ্চি সেলুলা কাপড় শিল্প কার্যের জন্য দেওয়ায় মোটের উপর ৬৬ গজ কাপড় ব্যয় হইলে, কত বালিকা উপস্থিত ছিল?

২৮। তোমার বয়স ১৮ বৎসর, তোমার দাদার বয়স ২৪ বৎসর। তোমার বয়স যখন ২৬ বৎসর তখন তোমার দাদার বয়স কত?

২৯। কোন ব্যক্তির বয়স যখন ৩২ বৎসর ৭ মাস ১৩ দিন তখন তাঁহার এক কন্যা হয়। তাঁহার বয়স যখন ৪৮ বৎসর তখন তাঁহার কন্যার বয়স কত হইবে?

৩০। পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৪০ বৎসর ৪ মাস ২৪ দিন, ৬ বৎসর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ ছিল। বর্তমানে পিতা ও পুত্রের প্রত্যেকের বয়স কত?

৩১। দাদার বয়স আমার বয়স অপেক্ষা ৮ বৎসর ৩ মাস ২ দিন বেশী। বর্তমানে আমার ও দাদার বয়সের সমষ্টি ৩২ বৎসর ৫ মাস ২০ দিন হইলে, ৩ বৎসর পরে আমার ও দাদার মধ্যে কাহার বয়স কত হইবে?

৩২। পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ, পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৪৮ বৎসর; পিতা ও পুত্রের প্রত্যেকের বয়স কত?

৩৩। তিন বৎসর পূর্বে কএর বয়স, খএর বয়সের ২ গুণ ছিল। ৭ বৎসর পরে উভয়ের বয়স একত্রে ৮০ বৎসর হইবে। এখন প্রত্যেকের বয়স কত?

[ছাত্র ১৯৩০]

৩৪। যদুর বয়স শ্যামের বয়সের ৫ গুণ, যদি শ্যাম অপেক্ষা যদু ৪০ বৎসরের বড় হয়, তবে কাহার বয়স কত?

৩৫। রাম, হরির চেয়ে যত বড়, মধুর চেয়ে তত ছোট। হরির বয়স ৬৭ বৎসর ৭ মাস ১৩ দিন এবং মধুর বয়স ৮৭ বৎসর ৯ মাস ১৭ দিন। রামের বয়স কত?

৩৬। কোন নিমন্ত্রণে বেলা ও লীলা দুজনে মিলিয়া ৷৷০ সের চপ্ তৈয়ারী করে, লীলা ও রমা মিলিয়া ৷৷৫ সের এবং রমা ও বেলা মিলিয়া ৸৫ সের চপ্ তৈয়ারী করে। তাহা হইলে তাহারা তিন জনে একত্রে কত চপ্ তৈয়ারী করে?

৩৭। হরি ও শ্যাম মিলিয়া ৮০ গজ, শ্যাম ও রামলাল মিলিয়া ৬০ গজ এবং রামলাল ও হরি মিলিয়া ১০০ গজ গামছা তৈরী করে। প্রত্যেকে কত গজ করিয়া গামছা তৈরী করে?

৩৮। ক, খ ও গ তিন জনে মিলিয়া মণ ১০৸০ সের সন্দেশ ভিয়ান করে। ইহার মধ্যে ক ও খ মিলিয়া একত্রে মণ ৬০ সের ও খ ও গ মিলিয়া একত্রে মণ ৭৷৷০ সের জিনিস করে। খ একা কতটুকু জিনিস তৈরী করে?

৩৯। একটা গাড়ীর চাকার পরিধি (বেড়) ৮ গজ ২ ফুট, যে পথ যাইতে উহা ১১২ বার ঘুরে, ঐ পথের দৈর্ঘ্য কত?

৪০। একটি লোক একবার পা ফেলিলে ২ ফুট ৮ ইঞ্চি যায়। ৫ মাইল যাইতে সে কতবার পা ফেলিবে?

৪১। একটা বৃত্তাকার পথ ১৯৫ গজ ১ ফুট ৮ ইঞ্চি ; উহা কতবার ঘুরিলে ১ মাইল ঘুরা হইবে ?

৪২। পোষ্টাফিসের দরজার পার্শ্বে একটি টেলিগ্রাফের পোষ্ট আছে ; তারপর ৩৬০ গজ ৬ ইঞ্চি অন্তর অন্তর একটি করিয়া পোষ্ট বসান আছে। ১১২ মাইল ১৩৮০ গজ পথে মোট কতগুলি পোষ্ট আছে ?

৪৩। একখানি ইঞ্জিনের চাকার পরিধি ২২৪ ইঞ্চি, প্রতি মিনিটে ইহা ৯০ বার ঘুরে। ইঞ্জিনখানি ঘণ্টায় কত মাইল যায় ?

৪৪। একখানি বাইসিকেলের চাকার বেড় যথাক্রমে ৭ ফুট ৪ ইঞ্চি ও ৮ ফুট ; ৮ মাইল অতিক্রম করিতে একটি চাকা অপরটি অপেক্ষা কতবার অধিক ঘুরিবে ?

৪৪ (ক)। কোন গাড়ীর চাকার পরিধি ৫ গজ, ২ ফুট। উহা ৫১ গজ পথ চলিতে কতবার ঘুরিবে ?

[চট্টগ্রাম বিভাগ প্রাঃ শেঃ পঃ—১৯৪৬]

৪৫। একখানি গাড়ী ১ মাইল ৪০ গজ যাইতে উহার একখানা চাকা ৬০০ বার ঘুরে, ঐ চাকার পরিধি কত ? [ঐ—১৯৪৫]

৪৬। একখানি এরোপ্লেন ঘণ্টায় ৩০০ মাইল করিয়া চলে। ৭ ঘণ্টা চলিবার পর ৩০০০ মাইল পথের কত মাইল যাইতে বাকী থাকে ? [রাজসাহী বিভাগ—উ ১৯৪৫]

৪৭। আলোক ১ সেকেণ্ডে ১৯২৫০০ মাইল পথ যায়। যদি ৮ মি. ১৬ সেকেণ্ডে সূর্যের কিরণ পৃথিবী স্পর্শ করে, তবে পৃথিবী হইতে সূর্যের দূরত্ব কত ? [ছাত্র—১৮৭১]

৪৮। একটি পাখা সেকেণ্ডে ১২ বার ঘুরে, ১ সপ্তাহে কতবার ঘুরিবে ?

৪৯। ৩রা জুন ১৯৪০ সালে কোন স্কুলে ৭০ দিনের জন্য গরমের ছুটি হইলে, কোন্ তারিখে স্কুল খুলিবে ?

৫০। ১৯৪১ সালের ১লা জানুয়ারী বুধবার। ঐ সালের ৭ই আগষ্ট রবীন্দ্রনাথের মৃত্যু হয়, সেদিন কি বার ছিল ?

৫১। ১৯৫২ সালের ১৮ই সেপ্টেম্বর হইতে ১৩ই নবেম্বর পর্যন্ত ৺পূজার ছুটি হয়। মোট কত দিন ছুটি হয় ?

৫২। ১৯৫২ সালের ১৪ই জানুয়ারী সোমবার হইলে ঐ বৎসরের ৮ই সেপ্টেম্বর কি বার ছিল ?

৫৩। একজন পুরুষ, একজন স্ত্রীলোক এবং একজন বালিকার মধ্যে ৯৩৫ গজ কাপড় এরূপে ভাগ করিয়া দাও যে প্রত্যেক পুরুষ যদি ৮ গজ পায় তবে প্রত্যেক স্ত্রীলোক ৬ গজ এবং প্রত্যেক বালিকা ৪ গজ পাইবে।

৫৪। একটি কুকুর ৬০ গজ দূরে একটি শিয়ালকে দেখিতে পাইয়া তাহার পশ্চাৎ দৌড়াইল। যদি প্রতি মিনিটে কুকুর ৬০ গজ এবং শিয়াল ৫০ গজ যায় তবে শিয়াল কতদূর গেলে কুকুর উহাকে ধরিবে ?

[খ]

১। এমন একটি বৃহত্তম সংখ্যা নির্ণয় কর যাহার দ্বারা ২৭১ ও ৩৮৩ কে ভাগ করিলে যথাক্রমে ৭ ও ৯ ভাগশেষ থাকে।

২। এমন একটি বৃহত্তম সংখ্যা নির্ণয় কর যাহার দ্বারা ২৮৭ ও ৩২০কে ভাগ করিলে প্রত্যেক ক্ষেত্রে ২ ভাগশেষ থাকে।

৩। বৃহত্তম কোন্ মাপকাঠি দ্বারা ৮ফু. ৬ই., ১৮ফু. ৯ই. ও ১২ ফুট ৬ই. দৈর্ঘ্য সম্পূর্ণরূপে মাপা যায় ?

৪। কোন্ বৃহত্তম থলিয়ায় করিয়া টা. ১২॥০, টা. ১৬।০ ও টা. ১৮৸০ আনা রাখা যায়?

৫। একজন কুলি প্রথমবার কয়েক দিন কাজ করিয়া টা. ৪॥০ পাইল, পরে আরও ছ'বার কাজ করিয়া যথাক্রমে টা. ৭॥০, ও টা. ১২৲ পাইল। তাহার দৈনিক বেতন কত ছিল?

৬। এমন তিনটি সংখ্যা নির্ণয় কর যাহারা পরস্পর মৌলিক এবং উহাদের প্রথম দুইটির গুণফল ১৮৭, এবং শেষ দুইটির গুণফল ১১৯।

৭। এমন একটি বৃহত্তম সংখ্যা নির্ণয় কর যাহার দ্বারা ১১৭, ২৩৭ ও ৩৩৭কে ভাগ করিলে প্রত্যেক ক্ষেত্রে একই ভাগশেষ থাকে।

৮। একটি ভাগহারে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ভাগশেষ যথাক্রমে ১২, ৩৫ ও ৮৭ এবং ভাজ্য ১০১৪৪; ভাজক ও ভাগফল নির্ণয় কর।

৯। একটা ভাগহারে ভাজ্য ৫৬৭৮ এবং ভাগশেষগুলি পর পর যথাক্রমে ২০, ২৭ এবং ২৬। ভাজক নির্ণয় কর।

১০। দুইটি সংখ্যার গ. সা. গু. নির্ণয় করিবার সময় শেষ ভাগশেষ ৩৫ এবং ভাগফলগুলি ২, ১, ৩; সংখ্যা দুইটি নির্ণয় কর।

১১। ৪টি ঘণ্টা যথাক্রমে ২৪, ৩৬, ৪৮ ও ৬০ মিনিট অন্তর অন্তর বাজিতে থাকে। তাহারা একবার একত্রে বাজিবার কতক্ষণ পরে আবার একত্রে বাজিবে?

১২। পাঁচটি ঘণ্টা প্রথমে একত্রে বাজিয়া পরে যথাক্রমে ৪, ৬, ৮, ১০, ১২ সেকেণ্ড অন্তর বাজিতে থাকে; কতক্ষণ পরে ঘণ্টাগুলি আবার একত্রে বাজিবে?

১৩। চারিজন লোক প্রতিদিন যথাক্রমে ৮, ১০, ১২ ও ১৪ মাইল চলিতে পারে; অন্তত কত দূর পথ চলিতে প্রত্যেকের সম্পূর্ণ দিন লাগিবে ?

১৪। দুইটি থামের পরিধি যথাক্রমে ১২ গজ ১ ফুট ও ১৬ গজ ৬ ইঞ্চি। কোন্ ক্ষুদ্রতম দৈর্ঘ্যবিশিষ্ট লাল মার্বেলকাগজ দ্বারা ইহাদের সম্পূর্ণ সংখ্যক বার জড়ান যায় ?

১৫। একখানি গাড়ীর সম্মুখের ও পশ্চাতের চাকার পরিধি যথাক্রমে ৭ ফুট ৩ ইঞ্চি ও ১০ ফুট। গাড়ীটা অন্তত কতদূর যাইতে পারিলে প্রত্যেক চাকা সম্পূর্ণরূপে ঘুরিবে ?

১৬। এমন এক ক্ষুদ্রতম রাশি নির্ণয় কর যাহাকে ২৪, ৩২, ৪০, ৪৮ দ্বারা ভাগ করিলে প্রত্যেকবারেই ৬ অবশিষ্ট থাকিবে।

১৭। এমন একটি ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর যাহাকে ৮, ১০, ১২, ১৬ দ্বারা ভাগ করিলে যথাক্রমে ৪, ৬, ৮, ১২ ভাগশেষ থাকে।

১৮। চারি অঙ্কের এমন একটি বৃহত্তম সংখ্যা নির্ণয় কর যাহাকে ২, ৩, ৪, ৫, ৬ দ্বারা ভাগ করিলে প্রত্যেক ক্ষেত্রে ১ ভাগশেষ থাকে।

১৯। ছয় অঙ্কের এমন একটি ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর যাহাকে ৪, ৬, ৮, ১০ দ্বারা ভাগ করিলে প্রত্যেক স্থলে ১ ভাগশেষ থাকে।

২০। এমন একটি ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর যাহাকে ৫, ৮, ১০, ১২ দ্বারা ভাগ করিলে ১ ভাগশেষ থাকিবে, কিন্তু ৭ দ্বারা ভাগ করিলে মিলিয়া যাইবে।

২১। এমন একটি ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর যাহাকে ১৪, ১৬, ১৮, ২০ দ্বারা ভাগ করিলে যথাক্রমে ১৩, ১৫, ১৭, ১৯ ভাগশেষ থাকে; কিন্তু ১১ দ্বারা ভাগ করিলে সম্পূর্ণভাবে মিলিয়া যাইবে।

২২। ৫০০ ও ৭০০ এর মধ্যে এমন একটি সংখ্যা বাহির কর যাহা ২৪, ২৮, ৩২ ও ৪৮ দ্বারা বিভাজ্য।

২৩। ১০০০ ও ২০০০এর মধ্যে এমন দুইটি সংখ্যা বাহির কর যাহা ১০ ও ১২ দ্বারা বিভাজ্য।

২৪। ৪ অঙ্কের কোন্ ক্ষুদ্রতম সংখ্যার সহিত ১৯১ যোগ করিলে যোগফল ৬, ১২, ১৮ ও ২৪ দ্বারা বিভাজ্য ?

২৫। ৫ অঙ্কের কোন্ বৃহত্তম সংখ্যা হইতে ৫১ অন্তর করিলে অন্তরফল ১০, ২০, ৩০ ও ৪০ দ্বারা বিভাজ্য ?

২৬। কোন্ ক্ষুদ্রতম সংখ্যা হইতে ১৭ বিয়োগ করিয়া বিয়োগ-ফলকে ৬, ১৫, ২৫ ও ৪৭ দিয়া পৃথক পৃথক ভাগ করিলে কিছুই ভাগশেষ থাকিবে না ?

[প্রেসিডেন্সী বিভাগ—মধ্য ছাত্রবৃত্তি পঃ ১৯৩০]

২৭। কোন্ লঘিষ্ঠ সংখ্যাকে ২৮, ৩৬, ৭৩ এবং ১৬৮ দ্বারা ভাগ করিলে প্রত্যেক বারে ১৩ ভাগশেষ থাকিবে ? [ঐ—১৯৩৯]

২৮। ৫০০ এর অনধিক কোন্ লঘিষ্ঠ সংখ্যাকে ২ হইতে ৭ পর্যন্ত যে কোন সংখ্যা দ্বারা ভাগ করিলে ১ ভাগশেষ থাকিবে ?

[বর্ধমান বিভাগ—ছাত্রবৃত্তি পঃ ১৯৩৫]

২৯। কোন্ ক্ষুদ্রতম সংখ্যাকে ৫, ৬ বা ৮ দ্বারা ভাগ করিলে ১ অবশিষ্ট থাকিবে, কিন্তু ১১ দ্বারা ভাগ করিলে মিলিয়া যাইবে ?

[ঐ ১৯৪৭]

৩০। দুইটি সংখ্যার গ. সা. গু. ১৭ ও ল. সা. গু. ৪০৮ ; একটি সংখ্যা ৬৮ হইলে অপর সংখ্যাটি কত ?

৩১। দুইটি স খ্যার গ. সা. গু. ৩০ ও ল. সা. গু. ৩০০ ; একটি সংখ্যা ১৫০ হইলে অপরটি কত ?

৩২। ২০০ ও ৩০০ এর মধ্যবর্তী কোন্ দুইটি সংখ্যার গ. সা. গু. ৩৯ ?

৩৩। ৪০০ ও ৫০০ এর মধ্যবর্তী কোন্ কোন্ সংখ্যা ১০, ১৫ ও ২০ দ্বারা বিভাজ্য ?

৩৪। ৩০০ ও ৪০০ এর মধ্যবর্তী কোন্ কোন্ সংখ্যাকে ৫, ১০ ও ২৫ দ্বারা ভাগ করিলে প্রত্যেক স্থলে ৩ অবশিষ্ট থাকিবে ?

৩৫। পাঁচ অঙ্ক দ্বারা প্রকাশিত কোন্ বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা ১২, ১৬, ১৮, ২০ ও ২৫ দ্বারা বিভাজ্য ?

৩৬। চার অঙ্কের ক্ষুদ্রতম কোন্ সংখ্যাকে ১০, ১৫ ২০ ও ২৫ দ্বারা ভাগ করিলে যথাক্রমে ৮, ১৩, ১৮ ও ২৩ ভাগশেষ থাকে ?

৩৭। পাঁচ অঙ্কের কোন্ বৃহত্তম সংখ্যাকে ৪, ৬, ১০ ও ১৫ দ্বারা ভাগ করিলে প্রতিবারে ৩ অবশিষ্ট থাকিবে ?

৩৮। চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার সহিত কোন্ ক্ষুদ্রতম সংখ্যা যোগ করিলে যোগফল ৩, ৬, ৯, ও ১২ দ্বারা বিভাজ্য ?

৩৯। ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হইতে কোন্ বৃহত্তম সংখ্যা বিয়োগ করিলে অন্তর ২, ৪, ৬, ৮ ও ১০ দ্বারা বিভাজ্য ?

৪০। কতকগুলি সুপারি গাছ প্রতি সারিতে ২, ৪, ৬ ও ৮টা করিয়া লাগাইতে গিয়া দেখা গেল প্রতিবার ৩টা চারা বেশী থাকে, কিন্তু ৭টা করিয়া লাগাইলে কিছুই অবশিষ্ট থাকে না। কমপক্ষে কতগুলি সুপারি গাছ ছিল ?

[গ]

১। $\frac{৪}{৫}$ এর $\frac{৭}{৮}$, $\frac{৮}{৯}$ এর $\frac{১}{৮}$ ও $\frac{১৩}{৩৫}$ এর $\frac{১৪}{২৬}$ এই ভগ্নাংশগুলির মধ্যে কোন্‌টি সর্বাপেক্ষা বড় এবং কোন্‌টি সর্বাপেক্ষা ছোট ?

২। (ক) কত হইতে $৩\frac{১}{২}$ বিয়োগ করিলে $\frac{৩}{৪}$ এর $\frac{২}{৩}$ বাকী থাকিবে ?

(খ) সরল কর :— $২\frac{৫}{৯}+১\frac{৭}{১২}+৩\frac{৭}{১৫}-৪\frac{৪}{৯}$ ।

(গ) $৪\frac{২}{৭}+৩\frac{২}{২১}+৫\frac{৩}{২৮}+১\frac{৫}{১৪}=$ কত ?

(ঘ) $৯\frac{৫}{৯}$ হইতে $৪\frac{৫}{১৮}$ লইলে কত থাকে ?

৩। (ক) কোন্ সংখ্যাকে $৬\frac{১}{২}$ দিয়া ভাগ করিলে ভাগফল $২\frac{১}{১৩}$ হইবে ?

(খ) $৯-৪\frac{৩}{৫}=$ কত ? (গ) $৩৫\frac{১}{৫}-২১\frac{২}{৫}=$ কত ?

(ঘ) $৬-\frac{৫}{৮}+৫-৪\frac{৭}{৮}=$ কত ? (ঙ) $২৭-\frac{৩}{৫}-\frac{২}{৫}=$ কত ?

৪। (ক) $\frac{৫}{১৬}\times\frac{৪}{২৫}\times\frac{৮}{৩৫}=$ কত ? (খ) $৬\frac{২}{৫}\times\frac{৫}{১৬}\times\frac{১}{২}=$ কত ?

(গ) $৪\frac{২}{৫}$ এর $\frac{৫}{১১}\times২\frac{১}{১৭}$ এর $\frac{১৭}{২৫}\times\frac{৫}{৭}=$ কত ?

(ঘ) $৬\frac{৩}{৮}\div৫\frac{২}{৩}=$ কত ? (ঙ) $১৬\frac{৪}{১১}\div১\frac{৩}{২২}=$ কত ?

(চ) $৩\frac{১}{২}\times১\frac{২}{৭}$ কে $১\frac{১}{৮}\times২\frac{২}{৩}$ দ্বারা ভাগ কর।

(ছ) প্রতি ভিক্ষুককে $\frac{৩}{৫}$ টাকা হিসাবে দিলে $১৩\frac{১}{৫}$ টাকা কত জন ভিক্ষুককে দেওয়া যাইতে পারে ?

(জ) যদি ভাজক $\frac{৩}{৫}$ হয় এবং ভাগফল ভাজকের $\frac{৫}{১৬}$ হয় তবে ভাজ্য কত ?

(ঝ) কোন্ সংখ্যার $৬\frac{১}{২}$ এর $২\frac{১}{৩}=৭$?

৫। কোন্ সংখ্যা, $\frac{৫}{৯}$ হইতে যত বড় $\frac{৯}{১১}$ হইতে তত ছোট ?

৬। সরল কর :—(ক) $১০\cdot০৫+৭\cdot০৫-৩\cdot২-২\cdot৯$?

[ঢাকা বোর্ড—১৯৪৪]

(খ) $\frac{\cdot০৬+\cdot৫}{\cdot৯৪-৮}+\frac{২\cdot৫\times৬}{৯\div১৮}-\frac{৬\cdot৮}{৩\cdot২+\cdot২}$

[প্রেসি-ছাত্র—১৯৩৫]

৭। কোন্ সংখ্যার সহিত $\frac{১}{৯}$ যোগ করিলে যোগফল ৪০ হইবে ?

৮। কোন্ সংখ্যাকে $\frac{১}{৩}-\frac{১}{৪}$ এর $\frac{১}{৫}-\frac{১}{৬}$ এর সঙ্গে যোগ করিলে যোগফল ১ হইবে ? [বর্ধমান ছাত্র—১৯৪৭]

৯। সরল কর :—(ক) $\frac{১}{২}[২-\frac{১}{২}\{২-\frac{১}{২}(২-\frac{১}{২})\}]$

[ঐ—১৯৪৭]

(খ) $\frac{৭}{৮}(\frac{১}{৪}+১\frac{১}{২})-(\frac{৫}{৬}-\frac{৭}{১২}+\frac{৩}{৪})$

১০। ভাজ্য ·৪৫ এবং ভাগফল ·০৭৫ ; ভাজক কত ?

১১। ভাজ্য $৬\frac{৪}{৫}$, ভাজক ভাজ্যের $\frac{১}{৭}$ গুণ ; ভাগফল কত ?

১২। যদি ভাজক ·৮, ভাগফল ·৬৫ এবং ভাগশেষ ·২ হয় তবে ভাজ্য কত ?

১৩। (ক) ৬·১২ + ৩·৫ + ২·০১ + ·৫ = কত ?

(খ) ·২ + ·০৩ + ৩·১৬ + ৭·০২ = কত ?

(গ) ১০৬·৫ হইতে ২৭·০৬ এবং ৩৫·৫ এর সমষ্টি বিয়োগ কর।

(ঘ) ৪০ হইতে ·৩, ·২৫ ও ১৭·৩ এর যোগফল বিয়োগ কর।

(ঙ) ৩·৪ এবং ৪·৫ ইহাদের কোন্‌টি ৪ এর অধিক নিকটবর্তী ?

(চ) দুইটি সংখ্যার বিয়োগফল ৫৬·০৫ বড়টি ৭৯·৭৫, ছোটটি কত ?

(ছ) দুইটি সংখ্যার বিয়োগফল ৫·৬৭, ছোটটি ৬·৯৮, বড়টি কত ?

(জ) প্রত্যেক ভিক্ষুককে ১·৫ টাকা দেওয়া হইলে, ২৫ জন ভিক্ষুককে দিতে কত লাগিবে ?

(ঝ) গুণক ৬·৪, গুণফল ৮·৯৬ ; গুণ্য কত ?

(ঞ) সরল কর :—

(১) ২৫·১২ + (৩·০৫ + ১৫·২৫) ÷ ·০৫ × ৩

(২) ৮ − [৩·৫ − {৬·১৫ − (৩·১৭ + ২·০২)}]

(৩) ২·৮ × ৩·৬ ÷ ২·৪ × ·৬

(৪) ৫ + {১·২ − ২·৪(৩ × ২·৫)}

১৪। সরল কর :—

(ক) ৭$\frac{১}{২}$ + $\frac{১}{৩}$ ÷ $\frac{১}{৪}$ এর $\frac{১}{৬}$ − $\frac{৫}{২}$ × ২$\frac{১}{৪}$

(খ) ৭$\frac{২}{৩}$ − [৩$\frac{১}{৩}$ ÷ {$\frac{৩}{৪}$ × $\frac{১}{২}$($\frac{২}{৩}$ − ২$\frac{১}{৪}$)}]

১৫। কোন্ সংখ্যাকে $\frac{৪}{৫}$ + $\frac{৫}{৮}$ দিয়া গুণ করিলে গুণফল $\frac{৪}{৫}$ − $\frac{৫}{৮}$ হইবে ?

১৬। $\frac{১}{৩}$ − $\frac{১}{৪}$, $\frac{১}{৩}$ + $\frac{১}{৪}$এর ভিতর কতবার আছে ?

১৭। একটা সেতুতে ৪৫ গজ লম্বা লোহার পোষ্ট ব্যবহার করা হইল। যদি উহার $\frac{১}{৫}$ ভাগ কাদার ভিতর থাকে, তবে কতভাগ মাটির উপর আছে।

১৮। যদি একটা ৭২ গজ কাঠের খুঁটির ৬ গজ কাঠ ঘুণে খাইয়া ফেলে, তবে কাঠের কত অংশ ভাল থাকিবে ?

১৯। এক ব্যক্তি তাহার সম্পত্তির $\frac{৩}{৪}$ অংশ ৬০০৲ টাকায় বিক্রয় করিল ; তাহার বাকী সম্পত্তির দাম কত ?

২০। কোন্ দোকানদার তাহার দোকানের মজুত মালের $\frac{৩}{৪}$ অংশ ১৮০০৲ টাকায় বিক্রয় করিল। তাহার দোকানের সমস্ত মালের মূল্য কত ?

২১। একজন লোক তাহার সমস্ত সম্পত্তির $\frac{২}{৩}$ অংশ বিক্রয় করিয়া দেখিল যে, তখনও তাহার ৪০০০৲ টাকার সম্পত্তি আছে। তাহার সমস্ত সম্পত্তির মূল্য কত ?

২২। একটা স্কুলের $\frac{১}{৪}$ অংশ ছাত্র মুসলমান, বাকী সমস্ত ছাত্র হিন্দু। হিন্দুছাত্রসংখ্যা ৩০০ শত হইলে, ঐ স্কুলে মোট ছাত্রসংখ্যা কত এবং মুসলমান ছাত্রের সংখ্যা কত ?

২৩। একটা স্কুলের ছাত্রসংখ্যার $\frac{২}{৩}$ অংশ হিন্দু, $\frac{১}{৪}$ অংশ মুসলমান এবং অবশিষ্ট ৪০ জন অন্য সম্প্রদায়ের। স্কুলের মোট ছাত্রসংখ্যা কত ?

২৪। একটা বাঁশের $\frac{১}{৬}$ অংশ কাদায়, $\frac{১}{৩}$ অংশ জলে এবং ১০ হাত জলের উপরে। বাঁশটি কত হাত লম্বা ?

২৫। এক ব্যক্তি কোন সম্পত্তির $\frac{২}{৩}$ অংশের মালিক ; সে ইহার $\frac{১}{২}$ অংশ ৭০০৲ টাকায় বিক্রয় করে। ঐ সম্পত্তির পুরা অংশের মূল্য কত ?

২৬। একজন তাহার সম্পত্তির $\frac{১}{২}$ অংশ পুত্রকে দিল, যাহা বাকী রহিল তাহার $\frac{১}{৩}$ অংশ কন্যাকে দিল ; অবশিষ্ট ৬০০০৲ টাকা সে একটা হাসপাতালে দান করিল। তাহার সম্পত্তির মূল্য কত ?

২৭। একটি বাঁশ ৪০ হাত লম্বা ; ইহার ·২৫ ভাগ কাদায় ও জলে। বাকী কত হাত জলের উপরে ছিল ?

২৮। একজন তাহার সম্পত্তির ·৭৫ অংশ ৪০০০৲ টাকায় বিক্রয় করে, তাহার বাকী সম্পত্তির মূল্য কত ?

২৯। এক ব্যক্তি তাহার সম্পত্তির ·৫ অংশ পুত্রকে এবং যাহা অবশিষ্ট রহিল তাহার ২৫ অংশ কন্যাকে দিল। তাহার বাকী সম্পত্তি ৫০০৲ টাকা মূল্যে বিক্রয় হইল। তাহার সমস্ত সম্পত্তির মূল্য কত ?

৩০। কোন সম্পত্তির $\frac{১}{৩}$ অংশের মূল্য ৪০০৲ টাকা ; ঐ সম্পত্তির $\frac{১}{৪}$ অংশের মূল্য কত ? [ঢাকা—১৯৪৪]

৩১। একটা বাঁশের $\frac{২}{৫}$ কাদায়, $\frac{১}{৪}$ জলে এবং বাকী ৩ হাত জলের উপরে আছে। বাঁশটির দৈর্ঘ্য কত ? [ঐ—১৯৪৫]

৩২। একটি বাঁশের $\frac{২}{৫}$ অংশ কাল, বাকী ৬ হাত সাদা, বাঁশটি কত হাত লম্বা ? [ঐ—১৯৪৬]

৩৩। এক ব্যক্তি তাহার সম্পত্তির $\frac{২}{৩}$ অংশ স্ত্রীকে দিয়া অবশিষ্ট

পুত্রকে দিল। পুত্র ১৫০০৲ টাকা পাইল। সমস্ত সম্পত্তির মূল্য কত ? [চট্টগ্রাম—ছাত্রঃ, ১৯৪৬]

৩৪। একজন লোক শহর হইতে $\frac{১}{৪}$ পথ নৌকায়, $\frac{১}{২}$ পথ গাড়ীতে ও বাকী ৫ মাইল পথ হাঁটিয়া বাড়ী পৌঁছাইল। তাহার বাড়ী শহর হইতে কত দূরে ? [রাজসাহী—ছাত্রঃ, ১৯৪৫]

৩৫। কোন্ সংখ্যা দ্বারা ৭·৫ ও ৩·৫ এর গুণফলকে ভাগ করিলে ভাগফল ১০·৫ হইবে ?

৩৬। এক ব্যক্তি তাঁহার সম্পত্তির $\frac{১}{৫}$ দান করিলেন, বাকী অংশের $\frac{২}{৩}$ জ্যেষ্ঠ পুত্রকে দিলেন এবং অবশিষ্ট কন্যাকে দিলেন। কন্যা ১১২৫৲ টাকা পাইলে, তাঁহার মোট কত টাকার সম্পত্তি ছিল ?

৩৭। একটি চৌবাচ্চায় দুইটি নল আছে। প্রতি মিনিটে ১মটি দ্বারা $\frac{২}{৩}$ সের জল প্রবেশ করে এবং ২য়টি দ্বারা $\frac{৩}{৪}$ সের বাহির হইয়া যায়। চৌবাচ্চায় যখন ৭৫ সের জল আছে তখন দুইটি নলই একত্রে খুলিয়া দেওয়া হইল। কতক্ষণ পরে চৌবাচ্চাটি খালি হইবে ?

৩৮। কোন্ সংখ্যার দ্বিগুণের সহিত সেই সংখ্যায় ·২৫ যোগ করিলে ৭·৫ হইবে ?

৩৯। আমার নিকট যত টাকা আছে তাহার ·৩ অংশ দান করিয়া যাহা অবশিষ্ট রহিল তাহার ·৪ দান করিলে সমস্ত টাকার কত অংশ আমার নিকট থাকিবে ?

৪০। রাম, শ্যাম ও যদুর মধ্যে কতকগুলি কমলালেবু এরূপ ভাবে ভাগ করিয়া দিতে হইবে যে, রাম সমস্ত লেবুর $\frac{৭}{১২}$, শ্যাম $\frac{৫}{১৮}$ এবং অবশিষ্ট কমলালেবুগুলি যদু পাইবে। কমলালেবুগুলির সংখ্যা অন্যূন কত হইলে উহা না কাটিয়া উক্ত প্রকারে ভাগ করিয়া দেওয়া যাইবে ?

দ্বিতীয় অধ্যায়

১। সামান্য ভগ্নাংশ ও দশমিক ভগ্নাংশ (দুই স্থান)

সামান্য ভগ্নাংশ (অপেক্ষাকৃত কঠিন)

সরল ভগ্নাংশের লব ও হর অখণ্ড ও পূর্ণ সংখ্যা যথা— $\frac{৪}{৫}$, $\frac{৫}{৬}$, $১\frac{২}{৩}$ ইত্যাদি।

সরল ভগ্নাংশের লবে বা হরে বা উভয়েই ভগ্নাংশ থাকিলে তাহাকে **কঠিন** ভগ্নাংশ বা **জটিল** ভগ্নাংশ বলে।

(১) 'লব' ভগ্নাংশ ও 'হর' পূর্ণসংখ্যা, যথা—

$\frac{\frac{১}{৩}}{৫}$ একটি কঠিন সরল ভগ্নাংশ।

(২) 'লব' পূর্ণসংখ্যা ও 'হর' ভগ্নাংশ, যথা—
২৭। কোন শিবিরে ২০০০ সৈন্যের ৮০ দিনের খাদ্য মজুত আছে। ৩০ দিন পরে কিছু সৈন্য সেখানে আসে, এই খাদ্যে তাহাদের ৪০ দিন চলে। আরও কত সৈন্য শিবিরে আসে ?

২৮। ২৫ জন একটি কার্য ১৬ দিনে সমাধা করিতে পারিবে বলিয়া আরম্ভ করে। ৪ দিন পরে ১৫ জন লোক চলিয়া গেল। অবশিষ্ট লোকের সেই কার্য সমাধা করিতে কত দিন লাগিবে ?

(ছাত্র, ১৯২৫)

২৯। ৩৬ জন লোক ২৪ দিনে একটি কাজ করিতে পারে। ৪ দিন পরে আর কতজন লোক নিযুক্ত করিলে ১২ দিনে কাজটি শেষ হইবে?

৩০। ৮টি ছাগল পুষিতে যে খরচ হয়, ২টি ঘোড়া পুষিতে সেই একই খরচ হয়। ৪৪টা ছাগলের খরচে কতটি ঘোড়া পোষা যায়?

৩১। ৮টি গরুর মূল্য ৬টি ঘোড়ার মূল্যের সমান। যদি ৪টি গরু ও ১০টি ঘোড়ার মূল্য ২৬০০৲ টাকা হয়, তাহা হইলে ৬টি গরু ও ৫টি ঘোড়ার দাম কত?

৩২। যদি দিন আধ সের বরাদ্দে একজন লোকের ২৪ দিনের খোরাক সঞ্চিত থাকে তবে সে রোজ ৬ ছটাক করিয়া খাইলে কত দিন চলিবে?

৩৩। কোন ঘর মাদুর দিয়া ঢাকিতে ২৪ ইঞ্চি বহরের ৩৬ গজ মাদুর লাগে। ২০ ইঞ্চি বহরের কত গজ মাদুর দরকার হইবে?

৩৪। কোন দুর্গে ২২৪০ জন সৈন্য আছে এবং তথায় ৩ সপ্তাহের উপযুক্ত খাদ্য আছে। কত সৈন্য চলিয়া গেলে ঐ খাদ্যে অবশিষ্ট সৈন্যের সাত সপ্তাহ চলিবে?

৩৫। যদি ১০ খানা চেয়ারের মূল্য ৪ খানা টেবিলের মূল্যের সমান হয়, তবে ২০ খানা চেয়ার ও ৪ খানা টেবিলের মূল্য ৪৮০৲ টাকা হইলে ১৫ খানা চেয়ার ও ৮ খানা টেবিলের মূল্য কত?

৩৬। কোন দুর্গে ১২০০ লোকের ৭৫ দিনের খাদ্য ছিল। ১৯ দিনের পর তথায় আরও ৪০০ লোক আসিল। প্রথম হইতে কত দিন পরে তাহাদের খাদ্য শেষ হইবে?

৩৭। কোন অবরুদ্ধ দুর্গে ২ মাসের খাদ্য আছে। যদি

প্রত্যেককে প্রতিদিন যে খাদ্য দেওয়া হয়, তাহার পরিমাণ ৩০ কাঁচ্চা কমাইয়া ২৪ কাঁচ্চা করা হয় তবে ঐ খাদ্যে কতদিন চলিবে ?

(বৃত্তি—১৯৫১)

৩৮। কোন কাজ ২০ দিনে সম্পন্ন করিবে বলিয়া এক ব্যক্তি ১৬ জন লোক নিযুক্ত করিল, কিন্তু ১২ দিন পরে দেখিল যে, কেবল-মাত্র কাজের অর্ধেক হইয়াছে। নির্দিষ্ট সময়ের মধ্যে কাজটি সম্পন্ন করিতে হইলে, আর কত জন লোক নিযুক্ত করিতে হইবে ?

(বৃত্তি, ১৯৫০)

৩৯। যদি ১২ জন মজুর ১০ দিনে ২৭০৲ টাকা উপার্জন করে, তবে ৭ জন মজুর ৮ দিনে কত উপার্জন করিবে ?

(বৃত্তি, ১৯৪৯)

৪০। যদি ২টি বিড়ালে ২ মিনিটে দুইটি ইঁদুর খায়, ১২টি বিড়ালে ১২ মিনিটে কতগুলি ইঁদুর খাইবে ?

৪১। "ক" একটি কাজের $\frac{১}{৩}$ অংশ ৭ দিনে করিয়া চলিয়া গেল, পরে "খ" অবশিষ্ট অংশ ১২ দিনে শেষ করিল। উহারা পৃথক পৃথক ভাবে কাজ করিলে কে কতদিনে কার্যটি শেষ করিতে পারিবে ?

৪২। প্রতি টাকায় ৬ পাই হিসাবে আয়কর দিতে হইলে কত টাকায় টা. ৭৭৷৶ পাই আয়কর দিতে হইবে ?

৪৩। ১টি পুকুর ৬৬ জন লোকে ৩০ দিনে কাটিতে পারে, ৩ জন লোক কমাইয়া দিলে উহা কাটিতে কত দিন সময় লাগিবে।

(বৃত্তি, ১৯৩৬)

৪৪। ১৮টি ঘোড়া ও ১৪টি গরুর মূল্য ৬০০০৲। ঐ দরে ১২টি ঘোড়া ও ২৬টি গরু পাওয়া গেলে প্রত্যেকটি ঘোড়া ও প্রত্যেকটি গরুর মূল্য কত হইবে ?

নবম অধ্যায়

লাভ-ক্ষতিঘটিত সহজ প্রশ্ন

লোকে কারবার করে লাভের জন্য, অবশ্য মাঝে মাঝে পড়তা খারাপ পড়ে। সস্তায় (কম দরে) কিনিয়া লাভে (বেশী দরে) বিক্রয় করাই ইহাদের প্রধান লক্ষ্য।

যে দরে ইহারা জিনিসপত্র বাজারে খরিদ করে তাহাকে **খরিদ মূল্য** বলে।

যে দরে আবার ইহা পরে বাজারে বিক্রয় করা হয় তাহাকে **বিক্রয় মূল্য** বলে।

খরিদ মূল্য অপেক্ষা বিক্রয় মূল্য বেশী হইলে **লাভ** হয়।

খরিদ মূল্য অপেক্ষা বিক্রয় মূল্য কম হইলে **লোকসান** হয়।

লাভ-ক্ষতি সাধারণতঃ জিনিসের উপর শতকরা (১০০৲ টাকায়) হিসাবে ধার্য করা হয় ; এবং ইহা সর্বদা ক্রয় মূল্যের উপর হিসাব হয়, কখনও বিক্রয় মূল্যের উপর হিসাব হয় না।

সুতরাং বিক্রয় মূল্য = (ক) খরিদ মূল্য + লাভ (লাভ হইলে)

= (খ) খরিদ মূল্য − ক্ষতি (ক্ষতি হইলে)

লাভ = বিক্রয় মূল্য − খরিদ মূল্য

ক্ষতি = খরিদ মূল্য − বিক্রয় মূল্য

∴ খরিদ মূল্য = বিক্রয় মূল্য − লাভ (যখন লাভ হয়)

অথবা বিক্রয় মূল্য + ক্ষতি (যখন ক্ষতি হয়)

শতকরা ১০৲ টাকা লাভ বলিলে বুঝিবে যে, ক্রয় মূল্য ১০০৲ টাকা হইলে বিক্রয় মূল্য (১০০৲ + ১০৲) বা ১১০৲ টাকা, আর

শতকরা ১০৲ টাকা ক্ষতি বলিলে বুঝিবে যে, ক্রয় মূল্য ১০০৲ টাকা হইলে বিক্রয় মূল্য সেখানে ১০০৲ – ১০৲ টাকা বা ৯০৲ টাকা।

১ম উদাহরণ—(লাভ-ক্ষতি) – ১২০ মণ চাউল টা. ২১০০৲ টাকা দরে খরিদ করিয়া মণ প্রতি ১৮৲ টাকা দরে বিক্রয় করিলে, মোট কত টাকা লাভ বা লোকসান হইবে ?

চাউলের খরিদ দর = ১২০ মণের দাম = ২১০০৲ টাকা

" বিক্রয় দর = ১২০ মণ × ১৮৲ = ২১৬০৲ টাকা

লাভ = ২১৬০৲ – ২১০০৲ টাকা

= ৬০৲ টাকা (উত্তর)।

২য় উদাহরণ—কোন দোকানদার ২৭·৭৫ টাকার জিনিস কত টাকা লোকসানে বিক্রয় করিলে ২৫·৯৫ টাকা পাইবে ?

দোকানদারের খরিদ মুল্য—২৭·৭৫ টাকা

" বিক্রয় মূল্য—২৫·৯৫ টাকা

দোকানদারের লোকসান—১·৮ টাকা (উত্তর)।

৩য় উদাহরণ—একজন লোক একটা সাইকেল টা. ১২৫॥০ তে বিক্রয় করায় ১৫৲ টাকা ক্ষতি হইল। সে যদি উহা টা. ১৪৫।৵৪ পাইয়ে বিক্রয় করিত তাহা হইলে কত লাভ বা লোকসান হইত ?

লোকটির সাইকেলের খরিদ দর =

সাইকেলের বিক্রয় দর + সাইকেলের ক্ষতি

= টা. ১২৫॥০ আ + টা. ১৫৲

= টা. ১৪০॥০ আ.

∴ সাইকেলে লাভ = টা. ১৪৫।৵৪ পাই – টা. ১৪০॥০

= টা. ৪৸৵৪ পাই (উত্তর)।

৪র্থ উদাহরণ—(বিক্রয় মূল্য বাহির করা)

একজন মুদি মণ ১॥০ সের চিনি মণ প্রতি টা. ৩৬।০ আনা দরে খরিদ করিয়া খুচরা বিক্রয়ের সময় টা. ১৪৲ লাভ করে। সে সমস্ত চিনি কত টাকায় বিক্রয় করে?

মুদির চিনির খরিদ দর = টা. ৩৬।০ × মণ ১॥০

= ৩৬।০ + ১৮৵০

= টা. ৫৪।৵০

চিনির বিক্রয় দর = টা. ৫৪।৵০ + টা. ১৪৲

= টা. ৬৮।৵০ (উত্তর)।

৫ম উদাহরণ—একজন দোকানদার একটা দ্রব্য ৩৫॥৵০ আনায় বিক্রয় করায় টা. ৪।০ ক্ষতি হয় ; যদি সে মোট টা. ১০৸০ লাভে বিক্রয় করিতে চাহে তাহা হইলে উহা কত টাকায় বিক্রয় করিবে ?

দ্রব্যটির খরিদ মূল্য = টা. ৩৫॥৵০ + টা. ৪।০

= টা. ৩৯৸৵০

" বিক্রয় মূল্য = টা. ৩৯৸৵০ + টা. ১০৸০

= টা. ৫০॥৵০ (উত্তর)।

৬ষ্ঠ উদাহরণ—(খরিদ মূল্য বাহির করা)

৪০ সের দুগ্ধ ৩৫৲ টাকায় বিক্রয় করায় ৫৲ টাকা লাভ হয়। প্রতি সের দুগ্ধের বিক্রয় মূল্য কত ?

৪০ সের দুগ্ধের ক্রয় মূল্য = ৩৫৲ টাকা − ৫৲ টাকা

= ৩০৲ টাকা

∴ ১ সের দুগ্ধের ক্রয় মূল্য = ৩০৲ টাকা ÷ ৪০

= ৸০ আনা (উত্তর)।

৭ম উদাহরণ—একজন মুদি প্রতি মণ ৩২৷৷৹টাকা দরে চিনি খরিদ করিয়া প্রতি সের ৸৫ দরে বিক্রয় করিল, ইহাতে তাহার টা. ৪৷৷⁄১০ ক্ষতি হয়, সে কত চিনি খরিদ করে ?

প্রতি সের চিনির খরিদ মূল্য = টা. ৩২৷৷৹ ÷ ৪০

= ৸⁄৹ আনা

প্রতি সেরে লোকসান = ৸⁄ − ৸৫ = ৻১৫ পয়সা

∴ চিনির পরিমাণ = টা. ৪৷৷⁄১০ ÷ ৻১৫ = ৯৮ সের

= মণ ২৷৮ সের (উত্তর)।

৮ম উদাহরণ—একটি ঘোড়া ৫৭২৲ টাকায় বিক্রয় করিলে যত লাভ হয়, ৪৩২৲ টাকায় বিক্রয় করিলে তত লোকসান হয়। ঘোড়াটির খরিদ মূল্য কত ?

লাভ = লোকসান ; একই টাকা একবার লাভ, একবার লোকসান অর্থাৎ একবার যোগ একবার বিয়োগ হয় খরিদ মূল্যের সাথে।

∴ দুই বারের বিক্রয়ের টাকার সমষ্টি।

∴ দুইটি সংখ্যা অন্তর করিলে যে সংখ্যা হয় সেটা লাভ বা লোকসানের ২ গুণ (কারণ খরিদ মূল্য কাটাকাটি হয়)

$$\text{লাভ বা লোকসান} = \frac{৫৭২ - ৪৩২}{২} = \frac{১৪০}{২} = ৭০৲ \text{ টাকা}$$

∴ খরিদ মূল্য = ৫৭২ − ৭০ = ৫০২৲ টাকা (উত্তর)।

৯ম উদাহরণ—টাকায় ৩০টি করিয়া আম কিনিয়া টাকায় ২৫টি করিয়া বিক্রয় করিলে ১০৲ টাকার আমে কত লাভ হইবে ?

১ টাকায় ৩০টি কিনিয়া ২৫টি বিক্রয় করিয়াছে।

∴ প্রত্যেক এক টাকার আমে তাহার বিক্রয় মূল্যে (৩০ − ২৫) = ৫টি আমের দাম লাভ হইয়াছে।

১টি আমের বিক্রয় মূল্য $\frac{১}{২৫}$ টাকা

∴ ৫টি আমের " " $\frac{১ \times ৫}{২৫} = \frac{১}{৫}$ টাকা

অতএব তাহার ১ টাকায় লাভ $\frac{১}{৫}$ টাকা।

১০ " $\frac{১ \times \cancel{১০}২}{\cancel{৫}} = ২\!\diagdown$ টাকা.

∴ ১০ টাকার আমে ২৲ টাকা লাভ হইবে।

প্রশ্নমালা—২১

মুখে মুখে উত্তর দাও :—

১। ৵০ আনা দরে ১০ টা কমলালেবু কিনিয়া সমস্তগুলি ১৷০ দরে বিক্রয় করিলে কত লাভ বা লোকসান হয়?

২। ডজন ।/০ আনা হিসাবে ৬ ডজন কলা কিনিয়া ২।০ দরে সমস্ত কলা বিক্রয় করিলে কত লাভ হইবে?

৩। ৴০ আনা দরে ২০টা আম কিনিয়া যদি ২৸৵০ আনায় সমস্ত বিক্রয় করা হয় তবে কত লাভ বা লোকসান হইবে?

৪। টা. ৪৷০ আনায় ১৬টা পেন্সিল ক্রয় করিয়া টা. ১৷০ লাভে বিক্রয় করিলে, কত টাকায় ইহা বিক্রয় হয়?

১৩। এক ব্যক্তি টাকা ৩৸৴০ গজ দরে ২৪ গজ এবং টাকা ২৸৶০ গজ দরে ১৬ গজ কাপড় ক্রয় করিল। প্রতি গজ কি দরে বিক্রয় করিলে মোটের উপর ১০ টাকা লাভ হইবে? (ছাত্র, ১৯৪৫)

১৪। একজন ব্যবসায়ী ২০ মণ চিনি ক্রয় করিল; সে ইহা মণ প্রতি ৩২৲ টাকা দরে বিক্রয় করায় মোটের উপর ৬০৲ টাকা ক্ষতি হয়। সে প্রতি মণ কি দরে ক্রয় করিয়াছিল?

১৫। টাকা ৮৷৶ মণ দরের ১০০/ মণ জিনিসের সহিত টাকা ৭৷০ মণ দরের কত মণ জিনিস বিনিময় করিলে লাভ লোকসান কিছুই হইবে না?

১৬। একজন মহাজন ৩০৲ টাকা মণ দরে ৭/ মণ, ৩২৲ টাকা মণ দরে ৫/ মণ ও ৩৫৲ টাকা মণ দরে ৮/ মণ চাউল কিনিয়া সমস্ত চাউল মিশাইল। কত টাকা মণ দরে এই চাউল বিক্রয় করিলে তাহার লাভ বা ক্ষতি হইবে না? (ছাত্র, ১৯৪৩)

১৭। একটি বাড়ী ৫৬৩৪৲ টাকায় বিক্রয় হওয়ায় যত লাভ হয়, ৩৪৫৪৲ টাকায় বিক্রয় হওয়ায় তত লোকসান হয়। উহার খরিদ মূল্য কত?

১৮। এক গোয়ালা ৸৶০ সের দরে ১ মণ দুধ কিনিয়া তাহাতে জল মিশাইয়া ৸০ আনা সের দরে বিক্রয় করিলে সে ইহাতে ২০৲ টাকা লাভ করে। সে কত জল মিশাইল?

১৯। এক গোয়ালা ৮৲ টাকা দরে ৩৫ সের ঘি খরিদ করিয়া তাহাতে চর্বি মিশ্রিত করিল। এখন সে প্রতি সের টাকা ৬৸০ দরে বিক্রয় করিয়া ১২৸০ আনা লাভ করিল। সে কত চর্বি মিশাইয়াছিল?

২০। ৸০ আনা সের দরের দুধের সহিত কি পরিমাণ জল মিশাইলে মিশ্রিত দুগ্ধ ৷৵০ আনা সের দরে বিক্রয় করিলে লাভ-লোকসান হইবে না?

২১। কোন দোকানদার প্রতিমণ টাকা ৮৷৷ দরের ২৪ মণ আলুর সহিত কম দরের ছোট আলু ১২ মণ মিশ্রিত করিল। ঐ মিশ্রিত আলু প্রতিমণ ৮৷৵০ হিসাবে বিক্রয় করিয়া ১৪৸৵০ লাভ করিলে দ্বিতীয় প্রকার আলুর প্রতি মণের দাম কত? (বৃত্তি, ১৯৫২)

২২। এক ব্যক্তি ৩৭৫৲ টাকায় ৩০০ গজ কাপড় কিনিয়া টাকা ১৷৷০ করিয়া ২০০ গজ বিক্রয় করিল; আর অবশিষ্ট ১৲ টাকা করিয়া বেচিল। ইহাতে তাহার কত লাভ বা লোকসান হইল?

২৩। একটি আলমারী ১২০৲ টাকায় কিনিয়া কত টাকায় বিক্রয় করিলে প্রতি ১০৲ টাকায় ১৷৷০ লাভ হইবে?

২৪। একজন লোক ৮৪৷৷/০ দিয়া একটি ঘড়ি কিনিয়া ৭৩৸৶০ আনায় বিক্রয় করিল। প্রতি টাকায় তাহার কত ক্ষতি হইল?

২৫। একজন দোকানদার ২৮৭৷৷০ টাকায় ১৫০ গজ কাপড় ক্রয় করিল। ১৷৷০ টাকা গজ হিসাবে ১০০ গজ বিক্রয় করিয়া, অবশিষ্ট ৫০ গজ এক টাকা হিসাবে বিক্রয় করিল। ইহাতে তাহার কত লাভ বা লোকসান হইল?

২৬। ২১৬৲ টাকা মূল্যের একটি ঘোড়া প্রতি টাকায় ৶০ আনা লাভে বিক্রয় করা হইল। ঘোড়াটি কত মূল্যে বিক্রয় করা হইল?

২৭। ১৯৸০ হিসাবে ৪০ মণ চাউল কিনিয়া প্রতিমণ কত দামে বিক্রয় করিলে মোটের উপর তাহার ১১।০ আনা লাভ হইবে?

২৮। ৯০০৲ টাকায় একটি গাড়ী বিক্রয় করিয়া দেখা গেল যে প্রতি টাকায় ।০ লাভ হইয়াছে। গাড়ীটির খরিদ মূল্য কত ?

২৯। একজন লোক ২৫০৲ টাকা দরে ১০টি ঘোড়া কিনিয়া সকলগুলি ২৭৫০৲ টাকায় বিক্রয় করিল। প্রতিটি ঘোড়ায় সে কত লাভ করিল ?

৩০। ।/০ আনায় ৬টি ফল কিনিয়া ।৵০ আনায় ৫টি বিক্রয় করিলে এক টাকায় কত লাভ হইবে ?

৩১। টাকায় ২৫টি করিয়া আম বিক্রয় করায় প্রতি টাকায় ৶৪ গণ্ডা লাভ হইল। আমের খরিদ দর টাকায় কয়টি ?

৩২। টাকায় ৮০টি করিয়া কাঁচা আম কিনিয়া টাকায় ৫০টি করিয়া বিক্রয় করিলে প্রতি টাকায় কত লাভ হইবে ?

৩৩। ৭২ মণ আলু ৩৭৮৲ টাকায় কিনিয়া প্রতি মণ কত দরে বিক্রয় করিলে প্রতি টাকায় ৵০ আনা লাভ হইবে ?

৩৪। কোন ব্যবসায়ী ২৯৲ টাকা মণ দরে ৫০ মণ এবং ৩৭॥০ আনা মণ দরে ৬০ মণ চিনি কিনিয়া মিশ্রিত করিল। ঐ মিশ্রিত চিনি কত টাকা মণ দরে বিক্রয় করিলে প্রতি টাকায় ৵০ আনা লাভ থাকিবে ?

৩৫। এক ব্যক্তি ৩৫৲ টাকা মণ দরে ২০০ মণ চিনি কিনিয়া ৫০ মণ টাকা প্রতি ৵০ আনা ক্ষতি করিয়া বিক্রয় করিল। অবশিষ্ট চিনি প্রতি মণ কি দরে বিক্রয় করিলে সমুদয় চিনিতে টাকা প্রতি ৵০ আনা লাভ হইবে ?

৩৬। একজন লোক ৩০৲ টাকা মণ দরে ১৫০ মণ পাট কিনিল। যদি অন্যান্য খরচ বাবদ মোটের উপর তাহার আরও ৫০৲ টাকা খরচ

হইয়া থাকে তাহা হইলে প্রতিমণ কি মূল্যে বিক্রয় করিলে মোটের উপর ১৫০০৲ টাকা লাভ হইবে ?

৩৭। একজন গোয়ালা ৵১০ পয়সা সের দরে দুগ্ধ কিনিয়া তাহাতে জল মিশাইয়া ৵০ আনা সের দরে বিক্রয় করাতে তাহার প্রতি টাকায় ⁄৪গণ্ডা হিসাবে লাভ হইল। বিক্রিত দুগ্ধের প্রতি সেরে সে কত জল মিশাইয়াছিল ?

৩৮। এক ব্যক্তি একটি ঘোড়া ৫৬০৲ টাকায় বিক্রয় করায় কিছু ক্ষতি হইল। যদি সে ঘোড়াটিকে ৭০০৲ টাকায় বিক্রয় করিত তবে তাহার ক্ষতির ৩/৪ অংশ লাভ হইত। ঘোড়াটির ক্রয় মূল্য কত ?

(প্রেসিডেন্সী, ১৯৪০)

বিবিধ প্রশ্নমালা—২

[১]

(মৌখিক)

১। প্রতিদিন ।⁄১৫ জমা করিলে ১৮ দিনে কত জমাইবে ?

২। একটি আমের দাম ৵৫ হইলে ৬৪টির দাম কত ?

৩। এক মণের দাম ৫৲ টাকা হইলে দুই ছটাকের দাম কত ?

৪। ১০০টি কলার দাম ১॥৴০ হইলে ৭৫টির দাম কত ?

৫। একটি শ্লেট পেন্সিলের দাম ৩ পাই হইলে ১৷৴০ আনা দিয়া কয়টি পেন্সিল পাওয়া যাইবে ?

৬। লেবুর জোড়া ⁄৫, ৩২টির দাম কত ?

৭। ২ দিস্তা কাগজের দাম ৮৴০, এক রিমের দাম কত ?

৮। ২ ডজন কলার দাম ॥৵০, ১৮টির দাম কত ?

৯। টাকায় দুই আনা লাভ, একশতে কত লাভ ?

১০। এক টাকায় জিনিস কিনিয়া ১।০ আনায় বিক্রয় করিলে শতকরা কত লাভ হয় ?

১১। এক টাকায় কিনিয়া ৸০ আনায় বিক্রয় করিলে শতকরা কত ক্ষতি হয় ?

১২। একটি বাঁশের ⅔ অংশ মাটির নীচে, ৬ হাত উপরে আছে ; বাঁশটি কত দীর্ঘ ?

১৩। ৩ বৎসর পূর্বে পিতার ও পুত্রের বয়স ৫০ বৎসর হইলে, বর্তমানে তাহাদের বয়স কত ?

১৪। বর্তমানে পিতার ও পুত্রের বয়স ৪৫ বৎসর ; ৫ বৎসর পূর্বে তাহাদের বয়স কত ছিল এবং ৫ বৎসর পরে তাহাদের বয়স কত হইবে ?

১৫। ৩ বৎসর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ২ গুণ ছিল। বর্তমানে তাহাদের বয়সের সমষ্টি ৪৮ বৎসর ; কাহার বয়স কত ?

১৬। যে বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১০০ বর্গফুট, তাহার বাহু কত ? পরিসীমা কত ?

১৭। একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৭ হাত, প্রস্থ ৩ হাত, কালি কত ? পরিসীমা কত ?

১৮। রাম ৪ পয়সায় ১২টি লেবু কিনিল, যদু ১০ পয়সায় ১২টি লেবু কিনিল, কে কম দরে কিনিল ?

১৯। ৩০ দিনের মাহিনা ৭৷৷০ টাকা হইলে ১০ দিনের মাহিনা কত ?

২০। ৪ জনে একটি কাজ ৮ দিনে করে, ১ জনে কতদিনে ঐ কাজ করিবে ?

২১। ১ জনে একটি কাজ ১২ দিনে করে, ৪ জনে কতদিনে করিবে ?

২২। ৪ জনে একটি কাজ ৫ দিনে করে, ৫ জনে কত দিনে করিবে?

২৩। দুইটি সংখ্যার ল. সা. গু. ১৮, গ. সা. গু. ৩। একটি সংখ্যা ৯ হইলে অপরটি কত?

২৪। ৫০ টাকায় একটি ছাগল কিনিয়া ৬০ টাকায় বিক্রয় করিলে কত লাভ হইবে?

২৫। ১০ টাকার নোটের পরিবর্তে তোমাকে ২ টাকার তিনখানা নোট, ৫টি আধুলী, ২টি সিকি ও ২টি দুয়ানি দিল, আর কত পাইবে?

২৬। ৮ গজ দীর্ঘ ও ৬ গজ প্রশস্ত কোন ঘরের মেজে ঢাকিতে ৩ গজ প্রস্থের কত গজ মাদুর দরকার হইবে?

২৭। প্রতি টাকায় এক আনা কমিশন পাওয়া গেলে, ২ ৻১০ হিসাবে ১৬ খানা বই কিনিয়া কত কমিশন পাইবে?

২৮। আড়াই ডজন কলার দাম ২॥০ টাকা হইলে, ১৫টির দাম ক?

২৯। প্রত্যেক আনারসের দাম ।০ আনা হইলে, ৫॥০ আনায় কয়টি আনারস পাওয়া যাইবে?

[২]

১। ৪৫৬-এর সহিত কত যোগ করিলে যোগফল ৫৬৮ হইবে?

২। কোন্ রাশি $\frac{২}{৩}$ এর $\frac{১}{৪}$ অপেক্ষা যত বড় $\frac{৩}{৪}$ এর $\frac{১}{৩}$ হইতে তত ছোট?

৩। দুইটি সংখ্যার গুণফল ২৯২৫, একটি সংখ্যার দুইগুণ ৫০, অপরটি কত?

৪। পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৬০ বৎসর এবং তাহাদের অন্তরফল ২০ বৎসর। পিতা ও পুত্রের কাহার বয়স কত?

৫। দুইটি সংখ্যার সমষ্টি ৯০·৭৮ ; একটি সংখ্যা ৫৮·৮৭, অন্যটি কত ?

৬। একটি গাড়ীর চাকার পরিধি ৮ ফুট ৬ ইঞ্চি ; যদি প্রতি মিনিটে ইহা ২০ বার ঘুরে, তাহা হইলে ২ ঘণ্টায় ইহা কত পথ অতিক্রম করে ?

৭। ১৯২৬ খৃষ্টাব্দের ৬ই ফেব্রুয়ারী হইতে ৮ই ডিসেম্বর পর্যন্ত কত সপ্তাহ, কত দিন স্থির কর।

৮। ৸৶০ আনা দরে ॥৫ সের দুধের সহিত কত জল মিশাইলে প্রতি সের ॥০ আনা দরে বিক্রয় করা যাইবে ?

৯। ক, খ ও গ এর ভিতর ১৮০৲ টাকা এমনভাবে ভাগ করিয়া দাও যেন ক, খ-এর দ্বিগুণ এবং খ, গ-এর তিনগুণ পায়।

১০। কত বড় ফিতা ব্যবহার করিলে ৮৫০ গজ এবং ১০৪৮ গজ ১ ফুট দীর্ঘ দুইটি রাস্তা কোন অবশিষ্ট না রাখিয়া পূর্ণভাবে মাপা যাইবে ?

১১। ছয়টি ঘণ্টা যথাক্রমে ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০ সেকেণ্ড অন্তর বাজে, কত সময় পরে তাহারা একসঙ্গে বাজিবে ?

[৩]

১। ৯১২৬ হইতে কত অন্তর করিলে অন্তরফল ২৯৬৭ হইবে ?

২। রাজা ও মন্ত্রীর বয়সের সমষ্টি ১২৪ বৎসর ৮ মাস এবং তাহাদের বয়সের অন্তর ৬০ বৎসর ২ মাস, প্রত্যেকের বয়স কত ?

৩। ভাজ্য ১৮৯৬, ভাগফল ১২, ভাগশেষ ০, ভাজক কত ?

৪। দুইটি সংখ্যার অন্তর ৫৬·০৮, বড়টি ৮৬·০১। ছোটটি কত ?

৫। পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি ৮৪ বৎসর। ৬ বৎসর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ ছিল। ৩ বৎসর পরে কাহার বয়স কত হইবে ?

৬। একটি চাকার পরিধি ৬ গজ ২ ফুট। কতবার ইহা ঘুরিলে চাকাটি ৪০০ গজ পথ অতিক্রম করে ?

৭। ১৯৫২ খৃষ্টাব্দের ১৫ই আগষ্ট শুক্রবার হইলে ১৯৫৩ সালের ৯ই মে কি বার হইবে ?

৮। টা. ৩০০৲ ক, খ ও গ-কে এরূপে ভাগ করিয়া দাও যেন ক অপেক্ষা খ ৮৲ টাকা বেশী পায় এবং খ অপেক্ষা গ ১২৲ টাকা বেশী পায়।

৯। কোন্ বৃহত্তর রাশি দ্বারা ৪১৯ এবং ৬৪৫কে ভাগ করিলে ভাগফল যথাক্রমে ৩ ও ৫ হইবে ?

১০। পাঁচটি ঘণ্টা প্রথমে একত্রে বাজিয়া পরে যথাক্রমে ৫, ৭, ৮ ও ১০ সেকেণ্ড অন্তর বাজিতে লাগিল ; কতক্ষণ পরে ঘণ্টাগুলি পুনরায় একত্র বাজিবে ?

[৪]

১। পাঁচ অঙ্কবিশিষ্ট কোন ক্ষুদ্রতম সংখ্যা হইতে তিন অঙ্কবিশিষ্ট বৃহত্তম সংখ্যা বিয়োগ কর।

২। দুইটি সংখ্যার একটি অন্যটি অপেক্ষা ২$\frac{৩}{৪}$ বেশী। যদি উহার মধ্যে ক্ষুদ্রতম সংখ্যাটি ৩$\frac{১}{৪}$ অপেক্ষা $\frac{৩}{৪}$ কম হয়, তবে সংখ্যা দুইটি কি কি ?

৩। সরল কর :—

$$৪ \times ৯ - [২০ - \{১৮ - (১৬ - \overline{১২ - ১০})\}]$$

৪। তোমার পিতার বয়স যখন ৩০ বৎসর তখন তোমার জন্ম হয় ; তোমার ১০ বৎসর বয়সের সময় তোমার ভগ্নির জন্ম হয় তোমার পিতার বয়স যখন ৫০ বৎসর তখন তোমার ভগ্নির বয়স কত ?

৫। প্রতিগজ টাকা ২॥০ দরে ৩০ গজ কাপড়ের বিনিময়ে ৸০ আনা সের দরে কত সের চিনি পাওয়া যাইবে ?

৬। ২৮ জন বালক-বালিকার ভিতর ১১৲ টাকা এইরূপে ভাগ করিয়া দাও যাহাতে বালক ।০ আনা পাইলে বালিকা ॥০ আনা পায়। বালক-বালিকার সংখ্যা কত ?

৭। এমন একটি বৃহত্তম সংখ্যা নির্ণয় কর যাহা দ্বারা ৪৮৯, ৬২৯ ও ৮৫৯কে ভাগ করিলে প্রত্যেক ক্ষেত্রে একই ভাগশেষ থাকে।

৮। পাঁচ অঙ্ক দ্বারা প্রকাশিত কোন্ বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা ২৪, ২৭, ৩৬, ৪৫ ও ৬০ দ্বারা বিভাজ্য ?

৯। সরল করঃ—

$$৮\frac{২}{৩} \text{ এর } ১১\frac{২}{৩} \div ৫\frac{৫}{৮} \div ২\frac{২}{৩} \times \frac{১}{৩}$$

১০। কোন ব্যক্তি তাহার সম্পত্তির $\frac{৪}{৫}$ অংশের মালিক। সে তাহার নিজের অংশের $\frac{১}{৪}$ অংশ ২০০৲ টাকায় বিক্রয় করিলে, তাহার সম্পত্তির $\frac{১}{৫}$ অংশের মূল্য কত হইবে ?

[৫]

১। কোন্ সংখ্যাকে ২ দ্বারা ভাগ করিয়া ভাগফলের সহিত ৫ যোগ করিলে যে যোগফল হয় তাহাকে ৪ দিয়া গুণ করিয়া ৪ দিয়া ভাগ করিলে ২০ হয় ?

২। ৩, ০, ৫ ও ৯ সংখ্যা দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা হইতে ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ কর।

৩। ভাজক ৫২৬, ভাগফল ১১ এবং ভাগশেষ ৩৪ ; ভাজ্য নির্ণয় কর।

৪। $৫\frac{৩}{৫}$ ও $৩\frac{১}{২}$ এর সমষ্টির মধ্যে $৫\frac{৩}{৫}$ ও $৩\frac{১}{২}$ এর অন্তর কতবার আছে ?

৫। পুত্রের বয়স ২০ বৎসর ; পিতার বয়স তাহার ৩ গুণ ; পিতার বয়স যখন ৪০ বৎসর তখন পুত্রের বয়স কত ?

৬। একখানি গাড়ীর সম্মুখ ও পশ্চাৎ ভাগের চাকার পরিধি যথাক্রমে ৫ গজ ১ ফুট ও ৩ গজ ১ ফুট। ২ মাইল পথ অতিক্রম করিতে কোন্ চাকা কতবার ঘুরিবে ?

৭। ১৯৫৩ খৃষ্টাব্দের ২৭শে জুলাই কোরিয়ায় যুদ্ধবিরতি হয় ; ঐ দিন হইতে ১৯৫৪ সালের ১৩ই মে জেনেভায় সভা বসে। ঐ সভা কত দিন পরে হয় ? ২৭শে জুলাই সোমবার হইলে ১৯৫৪ সনের ১৩ই মে কি বার হইবে ?

৮। এক ব্যক্তি ৩ মাসে যাহা উপার্জন করে ৪ মাসে তাহা ব্যয় করে। তাহার বার্ষিক আয় যদি টাকা ৩৭৫০॥০ আনা হয়, তাহা হইলে প্রতি বৎসর তাহার কত সঞ্চয় হয় ?

৯। ১৮২ গজ কাপড় সমানসংখ্যক পুরুষ, স্ত্রী ও বালকের মধ্যে এমনভাবে ভাগ করিয়া দাও যেন প্রত্যেক পুরুষ ৪ গজ, প্রত্যেক স্ত্রীলোক ২ গজ ও প্রত্যেক বালক ১ গজ কাপড় পায়। পুরুষ, স্ত্রীলোক ও বালকের প্রত্যেকের সংখ্যা কত ?

১০। ৩৫০০ ও ১৫০০ এর মধ্যে এমন দুইটি সংখ্যা নির্ণয় কর যাহাদের গ: সা. গু. ৬৬৫।

[৬

১। সরল কর :—৪ × ৬ ÷ ৩ ÷ ২ × ৫ ÷ ৩

২। তিন বৎসর পূর্বে ক-এর বয়স খ-এর বয়সের ২ গুণ ছিল।

৭ বৎসর পরে ক এবং খ-এর বয়স একত্রে ৮৩ বৎসর হইবে। এখন প্রত্যেকের বয়স কত ? (এ. ম.ই.—১৯০৩)

৩। কোন্ সংখ্যাকে ২˙৮ দিয়া গুণ করিলে ৫৬ হইবে ?

৪। একখানা গাড়ীর পশ্চাতের চাকার পরিধি ৪ গজ ২ ফুট। ৪৯০ গজ পথ অতিক্রম করিতে ঐ চাকাটি সম্মুখের চাকা অপেক্ষা ১৪০ বার কম ঘুরে। সম্মুখের চাকার পরিধি কত ?

৫। দুইটি জায়গার দূরত্ব একত্রযোগে ১৩২ মাইল, প্রথম জায়গা দ্বিতীয় জায়গা হইতে ১৪ মাইল দূরে। প্রত্যেক জায়গার দূরত্ব কত ?

৬। সমানসংখ্যক টাকা, আধুলি, সিকি ও দুয়ানিতে মিলিয়া একটি থলিতে ৬০৲ টাকা আছে। প্রত্যেক মুদ্রার সংখ্যা কত ?

৭। ৫০০০ ও ৪০০০ এর মধ্যবর্ত্তী কোন্ কোন্ সংখ্যার গ. সা. গু. ২৮৫ ?

৮। ছয় অঙ্কের কোন্ ক্ষুদ্রতম সংখ্যার সহিত কোন্ ক্ষুদ্রতম সংখ্যা যোগ করিলে ৪, ৬, ৮, ১০, ১২ ও ১৪ দ্বারা বিভাজ্য হইবে ?

৯। সরল কর :—

৯˙২৮ − ৯˙৭৮ + ˙৮৪ − ˙৭৫ + ˙২৮ + ˙২৬

১০। কোন বিদ্যালয়ের ছাত্র সংখ্যার $\frac{২}{৩}$ হিন্দু, $\frac{১}{৪}$ মুসলমান ; হিন্দু অপেক্ষা মুসলমান ছাত্র ৭৫ জন কম হইলে, ঐ বিদ্যালয়ের অন্য (হিন্দু মুসলমান ভিন্ন) ছাত্রসংখ্যা কত ?

[৭]

১। কোন্ পাঁচ অঙ্কবিশিষ্ট বৃহত্তম সংখ্যা ৩৫ দ্বারা বিভাজ্য ?

২। সরল কর :—

মণ ২৫৸৬৸ ছ. + মণ ২১৷২৷ ছ. − মণ ৫০৸০ ÷ ৫

৩। ১০ বৎসর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ ছিল। বর্তমানে পিতা ও পুত্রের বয়স ৮০ বৎসর। পিতা ও পুত্রের কাহার বয়স কত ?

৪। ১৯৩৬ খৃষ্টাব্দের ১লা জানুয়ারী বুধবার হইলে ১৯৩৮ খৃষ্টাব্দের ৩১শে ডিসেম্বর কি বার হইবে ?

৫। ক, খ ও গ-এর মধ্যে ১২০৲ টাকা এমনভাবে ভাগ করিয়া দাও যেন ক, খ অপেক্ষা ২ গুণ বেশী এবং গ, খ অপেক্ষা ৩ গুণ কম পায়। কে কত পায় ?

৬। পরস্পর মৌলিক ৩টি সংখ্যার মধ্যে প্রথম দুইটির গুণফল ২০৯ ও শেষ দুটির গুণফল ৩৯৯, সংখ্যাগুলি নির্ণয় কর।

৭। ৫ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হইতে কোন্ বৃহত্তম সংখ্যা বিয়োগ করিলে বিয়োগফল ৫, ৮, ১০, ১২ ও ১৬ দ্বারা বিভাজ্য হইবে ?

৮। সরল কর :—

$$৫\cdot২৪ - ৩\cdot১৪ + ৪\cdot৪ \div ২\cdot২ \times ২।$$

৯। একটি ছড়ির $\frac{১}{৪}$ কৃষ্ণবর্ণ, $\frac{১}{১০}$ লোহিত, $\frac{১}{২০}$ হরিৎ এবং অবশিষ্ট ২৩ ইঞ্চি শুভ্রবর্ণে রঞ্জিত। ছড়িখানির দৈর্ঘ্য কত এবং ইহার কতটুকু কৃষ্ণবর্ণ ?

১০। কোন্ সংখ্যার এক-তৃতীয়াংশ হইতে এক-চতুর্থাংশের একের দুই অংশ বিয়োগ করিলে ৪০ হইবে ?

[৮]

১। সরল কর :—

৪০ বৎসর ১০ মাস ২০ দিন + ১০ বৎসর ৮ মাস − ১৩ বৎসর ৪ মাস × ২।

[১০]

১। সরল কর ঃ— $[২১০-\{৬১+৫১-২২+(৭৫-৬০)\}]$

২। কোন্ সংখ্যা হইতে $\frac{১}{৩}-\frac{১}{৪}$ বিয়োগ করিলে যে অন্তরফল হয় তাহার সহিত $\frac{১}{৩}$ এর $\frac{১}{৪}$ যোগ করিলে যোগফল $\frac{১}{৩}+\frac{১}{৪}$ হইবে ?

৩। $\cdot৮\times১৬$ এর গুণফল হইতে $\cdot০৪\div\cdot০৮$ এর অন্তর কর।

৪। পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ১২০ বৎসর। ১০ বৎসর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের $১\frac{১}{২}$ গুণ ছিল। বর্তমানে পিতা ও পুত্রের বয়স কত ?

৫। ৮ পয়সা মূল্যের এনভেলাপ ও ৩ পয়সা মূল্যের পোষ্টকার্ড হরি ১ টাকায় ১৩ খানা কিনিল। সে কয়খানা এনভেলাপ ও কয়খানি পোষ্টকার্ড কিনিল ?

৬। ৩৪ ফুট দীর্ঘ একটি রজ্জু হইতে ক্রমাগত ২$\cdot$৯ ফুট, ৩$\cdot$৩ ফুট রজ্জু কাটিয়া লইয়া অবশিষ্ট অংশকে সমান ৪ অংশে ভাগ করিলে প্রত্যেক অংশের পরিমাণ কত ?

৭। ২০০৲ টাকা ৩৩ জন বালক-বালিকার মধ্যে এমনভাবে ভাগ করিয়া দাও যাহাতে প্রত্যেক বালক ৬৲ টাকা এবং প্রত্যেক বালিকা ৮৲ টাকা পায়।

৮। একটি ভাগহারে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ভাগশেষ যথাক্রমে ৯৯, ১৮৫ ও ২৩৭ এবং ভাজ্য ৬৩৭২১, ভাজক ও ভাগফল নির্ণয় কর।

৯। সরল কর :—$[৩\frac{২}{৫}-\{২\frac{২}{১৫}+(৫\frac{১}{২০}-৩\frac{১}{২৫})\div৯\frac{১}{১০}\})]$

১০। একটি লোক প্রথম দিনে পুস্তকের $\cdot$৩ অংশ, দ্বিতীয় দিনে $\cdot$১৫ অংশ ও তৃতীয় দিনে $\cdot$২০ অংশ পড়িল। পুস্তকের আর কত অংশ তাহার পড়িতে বাকী রহিল ?

[১১]

১। কোন্ সংখ্যাকে ৪ দিয়া ভাগ করিয়া ভাগফলে ৪ যোগ করিয়া যোগফলকে ২ দিয়া গুণ করিয়া ৬ দিয়া ভাগ করিলে ১০ হইবে?

২। যদি ভাজক $২\frac{৩}{৪}$, ভাগফল ভাজকের $১\frac{১}{৩}$ এবং ভাগশেষ $\frac{১}{২}$ হয়, তাহা হইলে ভাজ্য কত?

৩। আমার আরও ১৫০৲ টাকা থাকিলে আমি ৩৭৫৲ টাকা দেনা শোধ করিয়াও ১০০৲ টাকা হাতে রাখিতে পারিতাম। আমার হাতে কত টাকা আছে?

৪। এক ব্যক্তি ৩২২৬ টাকা দিয়া ছাগল ও ভেড়া কিনিল; যদি প্রত্যেক ছাগলের দাম টা ২০॥০ আনা এবং প্রত্যেক ভেড়ার দাম টা ৩২॥০ এবং উহাদের সংখ্যা যদি ১০০ হয়, তবে সে কয়টি ছাগল ও ভেড়া কিনিয়াছিল?

৫। সরল কর :— $১২{\cdot}৫ \div {\cdot}৫ + {\cdot}২৫ \times {\cdot}৫ - {\cdot}৬৫$

৬। একটি গাড়ীর সম্মুখের চাকার পরিধি ৩ ফুট ৪ ইঞ্চি। ১ মাইল পথ চলিতে ঐ চাকা কতবার ঘুরিবে? পিছনের চাকার পরিধি ৪ ফুট হইলে প্রথম চাকা পিছনের চাকা অপেক্ষা কতবার বেশী ঘুরিবে?

৭। সরল কর :— $\frac{২}{৩}[২+\frac{১}{৩}\{২+৪+১\frac{১}{২}\div(৪-১\frac{১}{২})\}]$

৮। দুইটি সংখ্যার ল. সা. গু. ও গ. সা. গু.-র যোগফল ১১৬২, ল. সা. গু. গ. সা. গু.-এর ১৩ গুণ; সংখ্যা দুইটির ল. সা. গু. ও গ. সা. গু. কত?

৯। দুইটি সংখ্যার ল. সা. গু. ১০২, গ. সা. গু. ৭, একটি সংখ্যা ৫১, অন্যটি কত?

১০। একটি ঘরের দৈর্ঘ্য উহার প্রস্থের দ্বিগুণ। যদি মেঝে পাকা করিতে প্রতি বর্গগজে ।/০ আনা হিসাবে ৪০৲ টাকা খরচ হয়, তবে উহার দৈর্ঘ্য ও প্রস্থ কত?

[১২]

১। সরল কর :— $\frac{১\frac{২}{৩}}{৬-১\frac{২}{৩}} \times \frac{২\frac{১}{৪}+১\frac{২}{৩}}{২\frac{১}{৪}-১\frac{২}{৩}} \times \frac{৩\frac{১}{৫}}{৪\frac{৫}{৮}} \div ১\frac{৭}{১৩}$

(এ. ম. ই.-১৯৩৩)

২। বৃহত্তম কোন্ রাশি দ্বারা ২$\frac{১}{৫}$ ফুট, ৬$\frac{২}{৩}$ ফুট এবং ৮$\frac{২}{৯}$ ফুট ভাগ করিলে প্রত্যেক ভাগফল একটি অখণ্ড সংখ্যা হইবে?

৩। কোন্ ক্ষুদ্রতম রাশিকে ৬$\frac{১}{২}$ মণ, ২০$\frac{১}{৪}$ মণ ও ১২$\frac{৩}{৮}$ মণ দ্বারা ভাগ করিলে ভাগশেষ থাকিবে না?

৪। সরল কর :— $\frac{\cdot১৭০১ \div ১৬\cdot২}{\cdot০০৫ \times \cdot০৭} + \frac{\cdot২৪৫}{১\cdot২৫}$

৫। মান নির্ণয় কর :—

টাকা ২৮৶ এর ১১·৫ − টাকা ৩৬।০ ÷ ·১৬ + টাকা ৬॥০ এর ১২

৬। বর্গমূল নির্ণয় কর (উৎপাদক সাহায্যে) :—

$৯১ \times ৭৭ \times ৩৩ \times ৩৯$

৭। প্রতি বস্তায় মণ ২।৬ সের আলু থাকে, ২২০ বস্তায় কত আলু আছে?

৮। $\frac{৩}{৫}$, $\frac{৩}{১০}$ ও $\frac{৯}{১০}$ কে দশমিক ভগ্নাংশে পরিবর্তিত কর।

৯। ॥৴৮ পাইকে ১ টাকার দশমিকে প্রকাশ কর।

১০। ৪·৬ টাকাকে, টাকা, পাইতে পরিবর্তিত কর।

[১৩]

১। সরল কর :— $\frac{৮\frac{১}{৭}-১\frac{১}{৬}}{\frac{২}{৩}\times১\frac{১}{২}}+\frac{৭}{৯}$এর $১\frac{১}{১৪}-\frac{১}{৫\frac{৩}{৪}+১\frac{১}{৫}}$

২। কোন্ সর্বোচ্চ ওজনের পাত্র দ্বারা $৩\frac{১}{২}$ মণ, ৫ মণ ও $৭\frac{১}{১০}$ মণ দুধ মাপিলে সম্পূর্ণ কয়েকবার মাপা যাইবে ?

৩। লঘিষ্ঠ কোন দৈর্ঘ্যকে ৮·৪ গজ, ৭·২ গজ ও ৪·৮ গজ দ্বারা ভাগ করিলে ভাগফল অখণ্ড সংখ্যা হইবে ?

৪। সরল কর :—(১·৪ − ·২৫৬) ÷ (৫·২৯ + ৫·৭১) − ·০০৫

৫। ল. সা. গু. ও গ. সা. গু. নির্ণয় কর :—$৫\frac{১}{১১}$, $৭\frac{৩}{২২}$ ও $৮\frac{২}{৩৩}$

৬। বর্গমূল নির্ণয় কর :—৬৪৬৪১৬

৭। প্রতিগজ বেড়া দিতে যদি ।৫ খরচ হয়, তবে যে বর্গাকার জমির ক্ষেত্রফল ১০ একর তাহার চারিদিকে বেড়া দিতে কত খরচ পড়িবে ?

৮। ২·৫, ২·০৫ ও ১·০৫ কে ভগ্নাংশে পরিবর্তন কর।

৯। টা. ৭।৩ পাইকে টা. ১৪॥৬ পাইয়ের দশমিকে প্রকাশ কর।

১০। ৸৶০ আনাকে ২ টাকার দশমিকে প্রকাশ কর।।

[১৪]

১। সরল কর :— $\frac{১\frac{২}{৩}\text{এর }\frac{২}{৫}}{২\frac{১}{৩}\times\frac{৬}{৭}}-\left\{৩\frac{১}{৩০}-\left(৩\times\frac{১}{২+\frac{১}{২}}\right)\right\}+১\frac{১}{৮}$

২। ল. সা. গু. ও গ. সা. গু. নির্ণয় কর :—

১·৩, ২·৬, ৩·৯ ও ৬·৫

৩। তিনটি ঘণ্টা একত্রে বাজিয়া পরে $৩\frac{১}{৩}$, ৫ ও $৭\frac{১}{৩}$ সেকেণ্ড

৯। কোন সৈন্যদলের ১১০৩০ সৈন্যকে, ভাগের সংখ্যা যত প্রত্যেক ভাগে সৈন্যসংখ্যা তত, এইরূপভাবে ভাগ করিলে ৫ জন সৈন্য উদ্বৃত্ত হয়। সৈন্যসংখ্যা কত ?

১০। ১৷৵০ আনাকে ২ টাকার দশমিকে প্রকাশ কর।

[১৭]

১। ১২ দিনে একজন মজুর টা. ১০৷০ উপার্জন করে, সে কত দিনে টা. ১৭৷০ আনা উপার্জন করে ?

২। ১১২০ খানি ৪ বর্গফুট টালি দিয়া একটা ছাদ প্রস্তুত হইয়াছে ; সেই ছাদের ক্ষেত্রফল কত ?

৩। ২০৫৲ টাকায় একটা ঘোড়া বিক্রয় করায় যত লোকসান হয় ২৪৫৲ টাকায় বিক্রয় করায় তত টাকা লাভ হয়। ঘোড়াটির ক্রয়-দর কত ?

৪। ২০ জন মিস্ত্রি ১০ ঘণ্টা পরিশ্রম করিয়া একটি আলমারি প্রস্তুত করিতে পারে, যদি ৫ ঘণ্টায় ঐ কাজ শেষ করিতে হয় তবে কত জন মিস্ত্রি লাগিবে ?

৫। একটি ষ্টীল রোলারের পরিধি ১০ ফুট ৬ ইঞ্চি এবং বিস্তার ৪ ফুট ৬ ইঞ্চি। ইহা ৫২ বার ঘুরিলে কি পরিমাণ স্থানের উপর দিয়া যাইবে ?

৬। ৷৵০ আনা সের দরে ২০ সের দুধ ক্রয় করিয়া তাহাতে ৫ সের জল মিশান হয়, এখন যদি দুধ প্রতি সের ৷/০ আনা করিয়া বিক্রয় করা হয়, তাহা হইলে মোটের উপর কত লাভ হয় ?

৭। ১৬০৲ টাকা তিন জন লোকের ভিতর এমন ভাবে ভাগ করিয়া দাও যাহাতে প্রথম জন দ্বিতীয় জন অপেক্ষা ১৫৲ টাকা বেশী

পায় এবং তৃতীয় জন দ্বিতীয় জন অপেক্ষা ১০৲ টাকা বেশী পায়।

৮। দুইটি সংখ্যার ল. সা. গু. উহাদের গ. সা. গু.র ২৮ গুণ এবং ল. সা. গু. ও গ. সা. গু.র সমষ্টি ১৭৪০। যদি একটি সংখ্যা ১৮০ হয় অপরটি কত ?

৯। কোন ভগ্নাংশ দ্বারা $\frac{১\frac{১}{৪}}{১\frac{১}{১২}}$ এর $\frac{২}{৩}+\frac{২\frac{১}{২}-১\frac{৫}{৬}}{\frac{১}{৪}+১\frac{৫}{৬}}-\frac{৮\frac{১}{৫}}{৭\frac{৪}{৫}}$কে ভাগ করিলে ভাগফল $\frac{২}{৩}$ হয় ?

১০। টা. ২০৷৵৮ পাই দরে ৩৪২টি জিনিসের দাম কত ?

(সাঙ্কেতিক নিয়মে বাহির কর)

[১৮]

১। একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। মেঝে পাকা করিতে প্রতি বর্গগজ ৷৹ আনা হিসাবে ২৫৬৲ টাকা খরচ হয়, তাহা হইলে দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর।

২। ৪টি ঘোড়া ও ৬টি গরুর মূল্য টা. ১৩১০৲ হইবে। যদি একটি ঘোড়ার মূল্য ১২০৲ টাকা হয়, একটি গরুর মূল্য কত ?

৩। একটি গোয়ালা ৷৵৹ আনা সের দরে মণ ২৮৬ সের এবং ৸৹ আনা সের দরে মণ ১।৪ সের দুধ খরিদ করিয়া মিশ্রিত দুধের প্রতি সের কত দরে বিক্রয় করিলে, তাহার মোটের উপর ১১৶৪ পা. লাভ হইবে ?

৪। ৪৯ ফুট দীর্ঘ ও ১৬ ফুট বিস্তৃত কোন জমির পরিবর্তে সমান আয়তনের একটি বর্গাকার জমি হইলে তাহার দৈর্ঘ্য কত হইবে ?

৫। কোন বাড়ী মেরামত করিতে ৩০ জন মজুরের ২০ দিন

লাগিয়াছিল। কত জন মজুর লাগাইলে $\frac{8}{৫}$ সময়ে কার্যটি সমাপ্ত হইতে পারে ?

৬। কোন এক ব্যক্তি একটি সাইকেল কিনিয়া তাহার ক্রয়মূল্য অপেক্ষা টা. ১২০৲ অধিক মূল্যে বিক্রয় করিয়া দেখিল যে, তাহার ক্রয়মূল্যের $\frac{৬}{৫}$ লাভ হইয়াছে। সাইকেলটির ক্রয়মূল্য কত ?

৭। ৮০ ফুট দীর্ঘ ও ৫০ ফুট বিস্তৃত কোন আয়তক্ষেত্রের ভিতর দিয়া চতুর্দিকে ৬ ফুট বিস্তৃত একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত ? প্রতি বর্গগজ প্রস্তুত করিতে ।৵৬ পাই খরচ হইলে, সমস্ত রাস্তার জন্য কত খরচ হইবে ?

৮। টা. ২২০॥৵০ আনায় একটি ঘোড়া বিক্রয় করিলে যত লোকসান হয় টা. ২৭৫।৵০ আনায় বিক্রয় করিলে তত লাভ হয়। উহার ক্রয়মূল্য কত ?

৯। কোন্ বৃহত্তম ভগ্নাংশ দ্বারা $\frac{২}{৩}$, $\frac{8}{৫}$, $\frac{৬}{৭}$ ও $\frac{৮}{৯}$ সম্পূর্ণ বিভাজ্য ? (ঢা. ১৯৩৪)

১০। কোন সেনাপতি ৬০৭৮ জন সৈন্যকে পূর্ণ বর্গাকারে সাজাইতে গিয়া দেখিল ৬ জন সৈন্য কম পড়িল। প্রত্যেক সারিতে কত জন সৈন্য ছিল ?

[১৯]

১। ৩০ জন লোকে একটি কার্য ১৫ দিনে করিতে পারে; ৫ দিন পরে আরও ১০ জন লোক যোগ দিলে অবশিষ্ট কাজ কতদিনে শেষ হইবে ?

২। একজন গোয়ালা ॥৵০ আনা সের দরে ॥৫ সের দুধ কিনিয়া তাহার সাথে ॥০ আনা সের দরে ।৫ সের দুধ মিশ্রিত করিল। মিশ্রিত দুধ প্রতি সের কত দরে বিক্রয় করিলে টা. ৪৴০ লাভ হইবে ?

৩। ৮০ বর্গফুট একটি ছাদকে ১ ফু. ৩ ই. বর্গ টালি দিয়া ঢাকিতে কত টালি লাগিবে ?

৪। যখন চাউলের মণ টা. ১৮৲ তখন যে খরচে ১০ জন লোককে ২ দিন খাওয়ান যায়, চাউলের মণ যখন টা. ১৫৲ তখন সেই খরচে ৫ জনকে কত দিন খাওয়ান যায় ?

৫। একটি সম্পত্তি ৪২৫০৲ টাকায় বিক্রয় করায় ১২৫৲ টাকা লাভ হয়। উহা কত টাকায় বিক্রয় করিলে ১৫৲ টাকা লাভ হয় ?

৬। একটি ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের ৪ গুণ। ইহার দৈর্ঘ্য ৫৬ গজ হইলে, ইহার সমান পরিসীমা বিশিষ্ট বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত ?

(ছাত্র—১৯৪৪)

৭। ·০০২৮১কে ·০৬২৫ দিয়া গুণ করিয়া গুণফলকে ১·৪০৫ দিয়া ভাগ কর। (ছাত্র—১৯৩১)

৮। ২৪৮৲ টাকা ক ও খ-কে এইরূপে ভাগ করিয়া দাও যেন ক-এর ভাগের $\frac{৩}{৪}$ অংশ খ-এর ভাগের $\frac{৪}{৫}$ অংশের সমান হয়।

(ছাত্র—১৮৮৮)

৯। কোন বর্গক্ষেত্রের ভিতরে চারিদিকে ৯ ফুট প্রশস্ত রাস্তা আছে। ঐ পথের ক্ষেত্রফল ৩ একর হইলে, ক্ষেত্রটির ক্ষেত্রফল কত ?

[২০]

১। টা. ১৫৷৷০ আনা মণ দরে চাউল কিনিয়া ১৭৸০ আনা মণ দরে বিক্রয় করিলাম। তাহাতে টা. ১৮০৲ টাকা লাভ হইল। কত মণ চাউল কিনিয়াছিলাম ?

২। কোন শিবিরে ১০০০ সৈন্যের ৬০ দিনের রসদ ছিল। ২০ দিন পরে কিছু সৈন্য অন্যত্র চলিয়া যাওয়ার পর অবশিষ্ট খাদ্যে ৫০ দিন চলিলে, কত জন লোক চলিয়া গিয়াছিল ?

৩। ২৮ ফুট দীর্ঘ ও ১৫ ফুট বিস্তৃত কোন ঘরের মেঝে ৫ ইঞ্চি প্রস্থ বিশিষ্ট কার্পেট দ্বারা আবৃত করা হইল। প্রতি গজ কার্পেটের মূল্য ॥/০ আনা হইলে, মোট খরচ কত ?

৪। এক গোয়ালা ৮০ আনা সের দরে মণ ২।০ সের দুগ্ধ ক্রয় করিল। হঠাৎ তাহার /৬ সের দুগ্ধ পড়িয়া গেল। অবশিষ্ট দুগ্ধে কত জল মিশাইয়া প্রতি সের ॥৵০ আনা দরে বিক্রয় করিলে লাভ-লোকসান কিছুই হইবে না।

৫। কোন দুর্গে ১৫০০ সৈন্যের ৬০ দিনের খাদ্য আছে। ২০ দিন পরে আরও ৫০০ সৈন্য আসে। তাহা হইলে ঐ রসদে কত দিন হইবে ?

৬। সরল কর :—

$$\frac{২\frac{১}{৫}-১\frac{২}{৩}}{৩\frac{১}{৩}+১\frac{২}{৫}} \div \frac{\frac{২}{৭}-\frac{১}{৮}}{\frac{২}{৭}+\frac{১}{৮}} + \frac{\text{টা. ২।৶০}}{\text{টা. ১॥৶০}} \text{ এর } \frac{\cdot ০৫ \times \cdot ৭}{\cdot ০৭১}$$

৭। একটি দুর্গে ১০০০ সৈন্যের ১২৫ দিনের রসদ ছিল। ২৫ দিন পরে ৩০০ সৈন্য অন্যত্র চলিয়া যায় এবং ১৫ দিনের রসদ নষ্ট হয়। অবশিষ্ট রসদে ঐ দুর্গস্থিত সৈন্যদের কত দিন চলিবে ? (ছাত্র—১৯৩৯)

৮। সামান্য ভগ্নাংশে পরিবর্তন না করিয়া সরল কর :—

$$\frac{\cdot ০৬+\cdot ৫}{\cdot ৯৪-\cdot ৮}+\frac{২\cdot ৫\times ৬}{৯\div ১৮}-\frac{৬\cdot ৮}{৩\cdot ২+\cdot ২}$$

(ছাত্র—১৯৩৫)

৯। ৪ খানা টেবিল বা ৬ খানা চেয়ারের মূল্য টা. ৭০॥০ হইলে ৩ খানা টেবিল ও ৮ খানা চেয়ারের মূল্য কত ?

১০। একটি উদ্যানের দৈর্ঘ্য ২০০ ফুট ও বিস্তার ১৮০ ফুট। উহার উপর দৈর্ঘ্যের দিকে একটি পথ প্রস্তুত হয়। পথটি উদ্যানের $\frac{১}{৮}$ অংশ ভূমি ব্যাপিয়া আছে। পথের বিস্তার কত? (ছাত্র—১৮৭৮)

[২১]

১। একটা কাজ ২০ দিনে শেষ করিবে বলিয়া ৭৫ জন লোক নিয়োগ করিল। কিন্তু ১০ দিন কাজ করিয়া সে দেখিল মাত্র $\frac{১}{৮}$ অংশ সম্পন্ন হইয়াছে। নির্দিষ্ট সময়ে কাজ শেষ করিতে হইলে আর কত লোক নিয়োগ করিতে হইবে?

২। একটি ২৪ ফুট লম্বা মেঝে রং করিতে প্রতি বর্গগজে টা. ১৷৷৹ হিসাবে ২৪ টাকা খরচ হইলে। মেঝের প্রস্থ কত?

৩। কোন দোকানদার ২৪০৲ টাকা মণ দরের ১৫ মণ ঘৃতের সহিত ২৮০৲ টাকা মণ দরের ১০ মণ ঘৃত মিশ্রিত করিল। মিশ্রিত ঘৃতের মণ কত করিয়া বিক্রয় করিলে মোটের উপর টা. ১০০৲ লাভ হইবে?

৪। ৪ জন পুরুষ বা ৬ জন বালক ২৪৲ টাকা উপার্জন করে। তাহা হইলে ৬ জন পুরুষ ও ১০ জন বালক কত উপার্জন করে?

৫। একটি ঘরের মেঝে কার্পেট দ্বারা ঢাকিতে প্রতি বর্গফুটে ৷৷/৹ আনা হিসাবে টা. ৭১৷৶৹ আনা খরচ হয়। যদি ৩ ফুট প্রস্থ কার্পেট হয় তবে কতখানি দীর্ঘ কার্পেট লাগিবে?

৬। এক ব্যক্তি প্রতি শত আম ১৮৶৹ আনায় কিনিয়া ১৯৷/৹ আনা দরে প্রতি শত বিক্রয় করিল। ইহাতে তাহার মোট ৩৫৲ টাকা লাভ হইলে সে কতগুলি আম ক্রয় করে?

৭। কোন্ ক্ষুদ্রতম সংখ্যা হইতে ১৭ বিয়োগ করিলে ও বিয়োগ-ফলকে ৬, ১৫, ২৫ ও ৪৭ দিয়া পৃথক পৃথক ভাগ করিলে কিছুই ভাগশেষ থাকে না ?

৮। একটি কামরার দৈর্ঘ্য ১৭ ফু. ৪ ই. এবং বিস্তার ১৪. ফু. ৮ ই.। ঐ কামরা টালি দ্বারা আবৃত করিতে হইলে ৮ ফু. ৮ ই. দীর্ঘ ও ১ ফু. ৪ ই. প্রশস্ত কয়খানি টালি লাগিবে ? (ছাত্র—১৯৩৫)

৯। ১৫০০৲ টাকা ক, খ ও গ-কে এরূপে ভাগ করিয়া দাও যেন গ, খ-এর $\frac{৩}{৭}$ এবং খ, ক-এর ·৩৫ অংশ পায়। (ছাত্র—১৮৮৩)

১০। এক দেউলিয়া প্রতি টাকায় ॥৶৯ পাই দিতে পারে। ২৫০০॥০ আনার জন্য সে কত দিতে পারিবে ? (সাঙ্কেতিক)

[২২]

১। সরল কর :— $\frac{৭·৯ \times ৭·৯ - ৫·৪ \times ৫·৪}{৭·৯ + ৫·৪}$

২। দশমিকে প্রকাশ কর :—

(ক) কোন সংখ্যার দশ হাজার ভাগের ৩ ভাগ।

(খ) ৩ ইঞ্চির ১০ ভাগের ৭ ভাগ।

৩। এক গজ কাপড়ের মূল্য ১২·২৫ টাকা হইলে ২৬৫ গজের মূল্য কত ?

৪। কোন ব্যক্তির আয় হইতে ১৬৷৵৪ পাই আয়কর কাটিয়া লওয়া হয়। যদি প্রতি টাকায় ৪ পাই হিসাবে আয়কর কাটা হইয়া থাকে তবে সেই ব্যক্তির আয় কত ?

৫। একজন লোক একটি ঘোড়া ৪৮০৲ টাকায় বিক্রয় করাতে তাহার কিছু ক্ষতি হইল, যদি সে ঘোড়াটি ৬০০৲ টাকায় বিক্রয়

করিত, তবে তাহার ক্ষতির $\frac{৩}{৪}$ অংশ লাভ থাকিত। ঘোড়াটির ক্রয়মূল্য কত ?

৬। এক কর্মচারীর বেতন প্রতি বৎসর একই হারে বাড়ে। ৫ বৎসর চাকুরির পর তাহার বেতন ১২৫৲ টাকা এবং ১৫ বৎসর চাকুরির পর তাহার বেতন ১৭৫৲ টাকা হইল। ২৫ বৎসর চাকুরির পর তাহার বেতন কত হইবে ?

৭। একটি কুকুর ১২৫ গজ দূরবর্তী একটি বিড়ালছানাকে দেখিয়া ৫ মিনিটে তাহাকে ধরিয়া ফেলিল। যদি বিড়ালছানা প্রতি মিনিটে ১২৫ গজ যায়, কুকুর কত বেগে গিয়াছিল ?

৮। ৫৯০ ফুট দীর্ঘ কোন বাগানের দুই পাশে ৯ ফুট ১০ ইঞ্চি পর পর গাছ লাগান হইল। মোট কতটি গাছ লাগান হইয়াছিল ?

৯। একটি কাজ ৫৬ জন লোকে ২৫ দিনে করিতে পারে। ৬ জন লোক কমাইয়া দিলে উহা করিতে কত দিন বেশী লাগিবে ?

১০। এক মুদী ১৬৷৷০ দরে ৪০ মণ এবং ১৩৷৷০ দরে ৫২ মণ চাউল কিনিয়া মিশ্রিত করিল। মিশ্রিত চাউলের মণ কত দরে বিক্রয় করিলে তাহার মোটের উপর ১৬৯৮৵৪ পাই লাভ হইবে ?

[২৩]

১। সরল কর :— $\frac{\cdot ৪৯}{২\cdot ১}$ এর $\frac{(৩\frac{১}{৩}-২\frac{১}{২})\div\frac{৫}{৬}\text{ এর }\frac{৩}{৮}}{২\frac{২}{৩}\div(\frac{১}{২}+\frac{৩}{৪})}$

১। (ক) ৷৷৴৪ পাই এক টাকার কত অংশ ?

(খ) ৩ সেকেণ্ডকে এক ঘণ্টার দশমিকে প্রকাশ কর।

৩। কোনও সংখ্যাকে ৩, ৫ ও ৭ দ্বারা ক্রমান্বয়ে ভাগ করিলে যথাক্রমে ২, ৩ ও ৪ অবশিষ্ট থাকে। সেই সংখ্যাকে ১০৫ দ্বারা ভাগ করিলে কত অবশিষ্ট থাকিবে ?

৪। কোনও মিস্ত্রিকে ৩০ দিনের জন্য এই মর্মে নিযুক্ত করা হইল যে সে যেদিন কাজ করিবে সেই দিন ২।০ আনা পাইবে এবং যেদিন অনুপস্থিত থাকিবে সেই দিন ৸০ আনা জরিমানা দিবে। সে ৩০ দিন পরে মাত্র ৫৮৷৷০ আনা পাইল। সে কতদিন অনুপস্থিত ছিল ?

৫। কোনও সংখ্যাকে ৭৮২ দ্বারা ভাগ করিলে ৩৪০ অবশিষ্ট থাকে। ৪৬ দ্বারা ভাগ করিলে কত অবশিষ্ট থাকিবে ?

৬। এক আম বিক্রেতা তাহার আমগুলি সাজাইতে গিয়া দেখিল ২৫টি করিয়া সাজাইলে ১৭টি, ৩৫টি করিয়া সাজাইলে ২৭টি এবং ৪২টি করিয়া সাজাইলে ৩৪টি পড়িয়া থাকে। তাহার কতগুলি আম ছিল ?

৭। এক ব্যক্তি ১৫৩৸০ আনায় ৬০ সের সন্দেশ ও রসগোল্লা কিনিল। সন্দেশ প্রতি সের ৩৲ টাকা এবং রসগোল্লা প্রতি সের ২।০ আনা হইলে সে কোন্ রকমের কত জিনিস কিনিয়াছিল ?

৮। একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। যদি মেঝে পাকা করিতে প্রতি বর্গগজে ৷৷০ আনা হিসাবে ৬৪৲ টাকা খরচ পড়ে, তবে উহার দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর।

৯। একটি চৌবাচ্চায় ৩টি নল আছে, ১ম ও ২য়টি দ্বারা যথাক্রমে ১৬ মিনিট ও ১২ মিনিটে উহা পূর্ণ হয়। ৩য়টি দ্বারা ৮ মিনিটে পূর্ণ চৌবাচ্চাটি খালি হয়; ৩টি নল একসঙ্গে খুলিয়া দিলে কতক্ষণে চৌবাচ্চাটি পূর্ণ হইবে ? (বৃত্তি—১৯১০)

১০। একজন দোকানদার আনায় ৭টা দরে কতকগুলি আম কিনিল। শতকরা ৩৩ টাকা লাভ করিতে হইলে, প্রতি শত তাহাকে কত দরে বিক্রয় করিতে হইবে ? (ছাত্র—১৯২৯)

[২৪]

১। সরল কর ঃ—

$$\left\{ \frac{২}{৩ - \frac{১}{১ - \frac{১}{২}}} - \frac{১}{৩} \text{ এর } \left(৫ - \frac{২}{১\frac{১}{২} - \frac{১}{৬}} \right) \right\} \div \frac{\frac{১}{২} \div ১\frac{১}{৪}}{১\frac{১}{২}}$$

২। একটি শামুক ৬ ফুট লম্বা একটি খুঁটির গা দিয়া উপরে উঠিতে লাগিল। সে এক মিনিটে ১০ ইঞ্চি উঠে এবং ঠিক তার পরের মিনিটে ৩ ইঞ্চি নামিয়া পড়ে। শামুকটি কতক্ষণে খুঁটিটির মাথার উপরে উঠিবে ?

৩। একজন লোক মাসিক ৬০৲ টাকা বেতনে চাকরি আরম্ভ করিলেন এবং তাহার বেতন প্রত্যেক মাসে তৎপূর্ব মাসের বেতনের $\frac{১}{৬}$ দ্বারা বর্দ্ধিত হইতে লাগিল। তৃতীয় মাসে তিনি কত বেতন পাইলেন ?

৪। নিমন্ত্রিত লোকদিগের জলযোগের জন্য একঝুড়ি আম আনা হইয়াছিল। আমগুলি ভাগ করিতে গিয়া দেখা গেল প্রত্যেককে ৩টি করিয়া আম দিলে ১০টি আম বেশী থাকে আবার প্রতেককে ৪টি করিয়া দিলে ২০টি আম কম পড়ে। কতজন নিমন্ত্রিত লোক ছিল এবং কতগুলি আম আনা হইয়াছিল ?

৫। একটি ফুলের বাগানের দৈর্ঘ্য ২০ ফুট ও প্রস্থ ১৫ ফুট। প্রত্যেক ফুলগাছের জন্য ৩ ফুট দীর্ঘ এবং ২$\frac{১}{২}$ ফুট প্রস্থ স্থানের প্রয়োজন হইলে কতগুলি ফুলগাছ রোপন করা হইবে? এবং প্রত্যেক গাছ রোপন করিতে ৷৹ আনা খরচ লাগিলে মোট কত টাকা ব্যয় হইবে ?

৬। একটি ঘোড়া শতকরা ৫ টাকা ক্ষতিতে বিক্রয় করিলে যত পাওয়া যায়, শতকরা ৬ টাকা লাভে বিক্রয় করিলে তাহা অপেক্ষা ১৭।০ আনা অধিক পাওয়া যায়। ঘোড়ার খরিদ মূল্য কত?

(বর্ধমান—১৯৩৫)

৭। ঘণ্টায় ৪ মাইল বেগে এক স্থান হইতে অন্য স্থানে যাইতে এবং তথায় ৩০ মিনিট বিশ্রাম করিয়া অশ্বারোহণে ঘণ্টায় ৮ মাইল বেগে ফিরিয়া আসিতে ৮ ঘণ্টা ১৫ মিনিট লাগিল। পথের দূরত্ব কত?

(বৃত্তি—১৯৩৫)

৮। ৪ জন লোক কোন মাঠের শস্য কাটিতে আরম্ভ করিল এবং ২ দিনে ১০ একর জমির শস্য কাটিল; তারপর ঐ কাজে আরও ২ জন লোক নিযুক্ত হইল এবং সকলে একত্রে আর ৩ দিনে অবশিষ্ট শস্য কাটিল। ঐ মাঠে কত একর জমি ছিল?

৯। কোন সেনাপতি ৬০৮০ সৈন্যকে পূর্ণ-বর্গাকারে সাজাইয়া দেখিলেন ৪ জন সৈন্য কম পড়িল; প্রত্যেক সারিতে কত জন সৈন্য ছিল?

(বৃত্তি—১৯৩৮)

১০। কোন ব্যবসায়ী এক ব্যক্তির নিকট ৩০০০৲ টাকায় ৯টি ঘোড়া ও ৭টি গরু এবং অপর এক ব্যক্তির নিকট ঐ দরে ঐ টাকায় ৬টি ঘোড়া ও ১৩টি গরু বিক্রয় করিল। প্রত্যেক ঘোড়া ও গরুর মূল্য কত?

(বৃত্তি—১৯৩৭)

মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষা, ১৯৪৫

পাটীগণিত

১। (ক) ভাজক ১০২০০৩ এবং ভাগফল ৪৫০৬৭। ভাজ্য কত ?

(খ) ২·৭৫ × ৫·০৫ ÷ ১১ ÷ ·২৫ × ·০২

২। কোন্ ক্ষুদ্রতম রাশিকে ৬৭৫, ১০৫০ এবং ৪৩৬৮ দ্বারা ভাগ করিলে প্রত্যেক বারেই ভাগশেষ ৩২ থাকিবে ?

৩। একখানি পুস্তকের দাম ২ পাউণ্ড ১৭ শিলিং ৬ পেন্স হইলে ৪৫ খানি পুস্তকের দাম কত ?

(সাঙ্কেতিক নিয়মে বাহির কর)

৪। ক, খ ও গ একটি কাজ একত্রে সম্পন্ন করে, খ উহা শেষ হইবার $\frac{১}{২}$ ঘণ্টা পূর্বে চলিয়া যায় ; ঐ কাজটি ক ৭$\frac{১}{২}$ ঘণ্টায়, খ ৮$\frac{১}{৩}$ ঘণ্টায় এবং গ ১০ ঘণ্টায় সম্পন্ন করিতে পারিলে উহা শেষ করিতে কত সময় লাগিয়াছিল ?

৫। কোন ব্যক্তির আয় হইতে টা. ১৩।৶৮ পাই আয়কর কাটিয়া লওয়া হয় ; যদি প্রতি টাকায় ৪ পাই হিসাবে আয়কর কাটা থাকে, তবে সেই ব্যক্তির আয় কত ?

৬। একজন মুদী টা. ১৪।০ মণ দরে ৪০ মণ ও ১২॥০ টাকা মণ দরে ৫৬ মণ চাউল ক্রয় করিয়া মিশ্রিত করিল। মিশ্রিত চাউল মণ মোট কত টাকায় বিক্রয় করিলে তাহার শতকরা ১২॥০ টাকা লাভ হইবে ?

মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষা, ১৯৪৬

পাটীগণিত

১। (ক) ৪২৯কে ৩৬৭ দিয়া গুণ করিলে যে গুণফল হইবে, কোন সংখ্যাকে ২৪৩ দ্বারা গুণ করিলে সেই গুণফল হইবে নির্ণয় কর।

(খ) সরল কর :—

$$\frac{৪\frac{১}{৩} - ১\frac{১}{১২}}{৬\frac{২}{৩} + ৪\frac{৭}{১২}} - \frac{২.১ - ১.৯৪}{.৯৩ + .৮৭}$$

২। এক মণ চাউলের মূল্য ১২৸০ আনা হইলে, ১০॥২॥ ছটাক চাউলের মূল্য কত? (সাঙ্কেতিক নিয়মে বাহির করিতে হইবে)

৩। পাঁচটি ঘণ্টা একত্রে বাজিয়া $৩\frac{১}{৩}$, $২\frac{২}{৫}$, $২\frac{২}{৭}$, $২\frac{২}{৯}$ এবং $১\frac{১}{২}$ সেকেণ্ড অন্তর বাজিতে লাগিল। আবার কখন ইহারা একত্রে বাজিবে?

৪। তিনটি সংখ্যার গড় ৭৭। প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যার দ্বিগুণ এবং দ্বিতীয় সংখ্যা তৃতীয় সংখ্যার দ্বিগুন। সংখ্যা তিনটি কত?

৫। ক, খ ও গ-এর মধ্যে ১৪৩০৶০ আনা এরূপে ভাগ করিয়া দাও যে, ক খ অপেক্ষা ৩১৪৶০ আনা বেশী এবং খ গ অপেক্ষা ২০৯॥৶০ কম পায়। কে কত পাইবে?

৬। কোন স্কুলে যত জন ছাত্র প্রত্যেকে তত পাই চাঁদা দেওয়ায় ৩৬৫৮১ পাই চাঁদা আদায় হইল। ঐ স্কুলের ছাত্র সংখ্যা কত?

৭। ক ৪৮৬০৲ টাকা মূল্যে খ-এর নিকট একখানা বাড়ী বিক্রয় করিয়া ১৯% লাভ করিল। খ গ-এর নিকট এরূপ মূল্যে উহা বিক্রয় করিল যাহাতে ক-এর ১৭% লাভ হইল। খ-এর লাভ নির্ণয় কর।

মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষা, ১৯৪৭

পাটীগণিত

১। (ক) ৯২ পা. এর $\frac{\text{·৪৯}}{\text{২·১}}$ এর $\frac{(\text{৩১} - \text{২}\frac{\text{১}}{\text{২}}) \div \frac{\text{৩}}{\text{৮}}\text{এর}\frac{\text{৫}}{\text{৬}}}{\text{২} \div \frac{\text{২}}{\text{৩}}(\frac{\text{১}}{\text{২}} + \frac{\text{১}}{\text{৪}})}$

(খ) দুইটি সংখ্যার বিয়োগফল ক্ষুদ্রতর সংখ্যার ৩ গুণ এবং সংখ্যা দুইটির যোগফল ৩৭৮০৫ ; সংখ্যা দুইটি বাহির কর।

২। (ক) ৭৭ পাউণ্ডকে সমানসংখ্যক গিনি, অর্দ্ধ-গিনি, ক্রাউন এবং ফ্লোরিনে বিভক্ত কর।

(খ) কোন্ ক্ষুদ্রতম সংখ্যাকে $\frac{\text{৮}}{\text{৯}}$, $\frac{\text{১৪}}{\text{২৭}}$, $\frac{\text{২৮}}{\text{৩৩}}$ দ্বারা ভাগ করিলে প্রত্যেক ভাগফল একটি পূর্ণসংখ্যা হইবে ?

৩। প্রতি হন্দর কয়লার দাম ২ পা. ৬ শি. ৮ পে. হইলে ৪ টন. ২ হ. ২ কো. ১৪ পা. কয়লার দাম কত ?

(সাঙ্কেতিক নিয়মে বাহির কর)

৪। রাম, শ্যাম ও যদুর বয়সের গড় ২৮ বৎসর এবং রাম, শ্যাম, যদু এবং রহিমের বয়সের গড় ২৬ বৎসর। রহিমের বয়স কত ?

৫। টাকায় ৩২টি কমলালেবু কিনিয়া টাকায় ২৪টি করিয়া বিক্রয় করিলে শতকরা কত লাভ হইবে ?

৬। একটি ঘরের মেঝের দৈর্ঘ্য উহার প্রস্থের দ্বিগুণ। যদি মেঝে পাকা করিতে প্রতি বর্গগজ ।০ আনা হিসাবে ৩২৲ টাকা খরচ পড়ে তবে উহার দৈর্ঘ্য ও প্রস্থ কত নির্ণয় কর।

৭। ৬$\frac{১}{৪}$% বার্ষিক সুদ হইলে কত টাকা ৪ বৎসরে সুদ সমেত ৬২৫৲ টাকা হইবে?

৮। একজন পুলিশ ১০০ গজ দূরে অবস্থিত একটি চোরকে ধরিবার জন্য দৌড়াইতে আরম্ভ করিল। যদি পুলিশটি প্রতি মাইল ৬ মিনিটে এবং চোর প্রতি মাইল ১০ মিনিটে দৌড়ায়, তবে কত দূর গেলে চোরকে ধরিবে?

মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষা, ১৯৪৮

পাটীগণিত

১। সরল কর :—

$$১॥৵৮ \text{ পাই এর } \frac{\frac{২}{৩}+\frac{৩}{৪}}{\frac{৫}{৬}\div\frac{৭}{৮}} - \text{টা. } ২২৲ \text{ এর } \cdot ১২৫ \text{ এর } \cdot ১৬$$

২। এক ঝুড়িতে ১০০ আম আছে। উহা হইতে কতগুলি আম তুলিয়া রাখিলে ৮, ১৬, ২৪ অথবা ৩২ জন বালককে সমানভাবে ভাগ করিয়া দেওয়া যায়?

৩। (ক) প্রতিমণ ৭৩৷৹ আনা হিসাবে ৩২ মণ ১৩ সের ১২ ছটাক তৈলের মূল্য সাঙ্কেতিক নিয়মে বাহির কর।

(খ) যদি ২টি বিড়ালে ২টি ইঁদুর ২ মিনিটে খায়, তবে ১২টি বিড়ালে ১২ মিনিটে কতগুলি ইঁদুর খাইবে?

৪। এক দুগ্ধ-বিক্রেতা ৵৹ আনা সের দরে দুগ্ধ কিনিয়া উহার সহিত জল মিশাইয়া ৵৹ আনা সের দরে বিক্রয় করিল; তাহাতে তাহার শতকরা ২৫৲ টাকা লাভ হইল। মিশ্রিত দুধ প্রতি সেরে কতখানি জল মিশান ছিল নির্ণয় কর।

৫। ৪২ ফুট দীর্ঘ এবং ১৮ ফুট বিস্তৃত একটি বারাণ্ডা ১৪ ইঞ্চি দীর্ঘ এবং ১২ ইঞ্চি বিস্তৃত প্রস্তর দ্বারা বাঁধাইতে কতগুলি প্রস্তর লাগিবে ?

৬। ক একটি কার্যের $\frac{১}{৪}$ অংশ ৭ দিনে সম্পন্ন করিয়া চলিয়া গেল। পরে খ অবশিষ্ট অংশ ১২ দিনে শেষ করিল। উহারা পৃথকভাবে কাজ করিলে কে কতদিনে কার্যটি শেষ করিতে পারিবে ?

৭। এক ভদ্রলোকের চারটি পুত্রের মাসিক আয় গড়ে টা. ৬৭॥০ ; প্রথম ও দ্বিতীয় পুত্রের আয় গড়ে টাকা ৭২॥০ হইলে তৃতীয় ও চতুর্থ পুত্রের গড়ে আয় কত ?

৮। কোন শ্রেণীতে যত ছাত্র ছিল, প্রত্যেকে তত আনা করিয়া চাঁদা দেওয়ায় মোট ৩৯/০ চাঁদা উঠিল ; ঐ শ্রেণীতে কত ছাত্র ছিল ?

মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষা, ১৯৪৯

পাটীগণিত

১। (ক) সরল কর—

$$\frac{১\frac{২}{৩}\text{ এর }\frac{২}{৫}}{২\frac{১}{৩}\times\frac{৬}{৭}}-\left\{৩\frac{১}{৩}-\left(৩-\frac{১}{২+\frac{১}{২}}\right)\right\}+\frac{১\frac{৩}{৪}}{৩\frac{৩}{৪}}\text{ এর }\frac{\text{টাকা ২।/৬ পাই}}{\text{টাকা ৩।৴ আনা}}$$

(খ) ৯৪৫কে ক্ষুদ্রতম কোন্ সংখ্যা দ্বারা গুণ করিলে গুণফল পূর্ণবর্গ সংখ্যা হইবে ?

